দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ শনিবার ॥ ০৭ মার্চ ২০২৬ ॥ ১৭ রমজান ১৪৪৭ ॥ ২২ ফাল্গুন ১৪৩২ ॥ ৯ম বর্ষ ॥ ২৯৩ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

তা এজন্য যে, তারা বলে থাকে যে, দোযখের আগুন আমাদের স্পর্শ করবে না; তবে সামান্য হাতে গোনা কয়েকদিনের জন্য স্পর্শ করতে পারে। নিজেদের উদ্ভাবিত ভিত্তিহীন কথায় তারা ধোকা খেয়েছে।

সূরা আল ইমরান ২৩

হাজারো প্রাণের বিনিময়ে গণতন্ত্রের ধারায় ফিরেছে বাংলাদেশ

কীর্তনখোলা ডেস্ক
রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বলেছেন, হাজারো মানুষের প্রাণের বিনিময়ে গণতন্ত্রের ধারায় ফিরেছে বাংলাদেশ। সকল ২ এর পাতায় দেখুন

জাতিসংঘের ৮১তম অধিবেশনে বাংলাদেশের প্রার্থীর পক্ষে সমর্থন চাইলেন প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি পদে বাংলাদেশের প্রার্থী পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানের পক্ষে ২ এর পাতায় দেখুন

রিজওয়ানার বিরুদ্ধে বিচারবিভাগীয় তদন্তের দাবি জামায়াতের

কীর্তনখোলা ডেস্ক
নির্বাচনে ইঞ্জিনিয়ারিংয়ের অভিযোগ এনে সাবেক অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসানের বিরুদ্ধে বিচারবিভাগীয় ২ এর পাতায় দেখুন

নিরপেক্ষ জায়গা থেকে গণঅভ্যুত্থান নিয়ে গবেষণা ও বিশ্লেষণের আহ্বান

কীর্তনখোলা ডেস্ক
গণঅভ্যুত্থান নিয়ে নিরপেক্ষ জায়গা থেকে লেখালেখি, গবেষণা ও বিশ্লেষণ করার আহ্বান জানিয়েছেন জাতীয় নাগরিক ২ এর পাতায় দেখুন

বরিশালের পেট্রোল পাম্পে ‘অকটেন নেই’

কীর্তনখোলা রিপোর্ট
নগরীর পেট্রোল পাম্পগুলোতে অকটেন তীব্র সংকট দেখা দিয়েছে। শুক্রবার (৬ মার্চ) দুপুর থেকে নগরীর অধিকাংশ পাম্পে অকটেন না পেয়ে অনেক যানবাহনের চালককে খালি হাতে ফিরে যেতে দেখা গেছে। যদিও অনেকে বাধ্য হয়ে অকটেনের পরিবর্তে পেট্রোল সংগ্রহ করছেন। দুপুরে নগরীর নতুন বাজার, নথুল্লাবাদ, কাশিপুর, রুপাতলীসহ বিভিন্ন এলাকার পেট্রোল পাম্প ঘুরে দেখা গেছে একই চিত্র। পাম্পগুলোর সামনে ঝুলিয়ে রাখা হয়েছে ‘অকটেন নেই’ লেখা বোর্ড। হঠাৎ এই সংকটে বিপাকে পড়েছেন মোটরসাইকেল ও প্রাইভেটকার চালকরা। চালকদের সঙ্গে কথা বলে জানা গেছে, বৈশ্বিক প্রেক্ষাপটে মধ্যপ্রাচ্যর যুদ্ধ পরিস্থিতির কারণে জ্বালানি তেলের তীব্র সংকটের আশঙ্কা করছেন তারা। এই আতঙ্ক থেকে অনেক চালক আগেভাগেই তাদের যানবাহনের ফুয়েল ট্যাংক পূর্ণ করে রাখতে চাইছেন, যার ফলে চাহিদাও কয়েকগুণ বেড়ে গেছে। মোটরসাইকেল চালক কালাম হোসেন বলেন, ‘চলাচলের জন্য জ্বালানি রয়েছে, কিন্তু আতংকগ্রস্ত হয়েই মোটরসাইকেলের ট্যাংক পূর্ণ করার জন্যই এসেছেন।’ নথুল্লাবাদের সুরভী ফিলিং স্টেশনে জ্বালানি নিতে আসা প্রাইভেটকার চালক আনোয়ার ইসলাম বাবু বলেন, ‘অকটেন না পেয়ে খালি হাতে তাকে ফিরতে হয়েছে। যদি আগামীকালও অকটেন না পান সেক্ষেত্রে পেট্রোল দিয়ে গাড়ি চালাতে হবে।’ নতুন বাজার এলাকার ইসরাইল ফিলিং স্টেশনের ম্যানেজার আব্দুর রব সিকদার জানান, পর্যাপ্ত আমদানি না থাকায় এই সাময়িক সংকটের সৃষ্টি হয়েছে। তবে পরিস্থিতি সামাল দিতে তারা চেষ্টা চালিয়ে যাচ্ছেন। তাদের আশা, আগামী রোববার নাগাদ সরবরাহ স্বাভাবিক হতে পারে। সুরভী ফিলি স্টেশনের সহকারী ম্যানেজার রাফি বলেন, বৃহস্পতিবার মধ্যরাত থেকেই অকেটন নেই। আর পেট্রোলের চাহিদাও বেড়েছে কয়েকগুন। তাই আপাতত ৫’শ টাকার বেশি কাউকে তেল দেয়া হচ্ছে না। এদিকে মেঘনা পেট্রোলিয়াম বরিশালের ডিপো ইনচার্জ মো. শাহ আলম জানান, উদ্বেগের কোনো কারণ নেই।

রমজানের শিক্ষা: ঐতিহাসিক বদর যুদ্ধ ও সত্যের বিজয়

মাওলানা মোহাম্মদ ইউসুফ
পবিত্র মাহে রমজানের আজ ১৭তম দিবস। হিজরি দ্বিতীয় সনের এই দিনে সংঘটিত হয়েছিল ইসলামের ইতিহাসের সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং ভাগ্যনির্ধারক যুদ্ধ গাজওয়ায়ে বদর। রমজানের এই ত্যাগের মাসে বদরের প্রান্তরে ৩১৩ জন মুজাহিদ আল্লাহর ওপর অটল বিশ্বাস ও ধৈর্যের মাধ্যমে তৎকালীন অপরাজেয় এক হাজার ২ এর পাতায় দেখুন

পৃথক পৃথক সড়ক দুর্ঘটনায় নিহত চার, আহত সাত

কীর্তনখোলা রিপোর্ট
ঢাকা-বরিশাল মহাসড়কের গৌরনদী, পটুয়াখালী ও ভোলার লালমোহনে পৃথক পৃথক দুর্ঘটনায় চার জন নিহত ও সাতজন আহত হয়েছে। গৌরনদী উপজেলার কসবা এলাকায় বাস ও মাইক্রোবাসের মুখোমুখি সংঘর্ষে দুইজন নিহত হয়েছেন। এ ঘটনায় আরও চারজন আহত হয়েছেন। শুক্রবার (৬ মার্চ) সকাল সাড়ে ৯টার দিকে বরিশালের এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন-ঢাকার নিউমার্কেট এলাকার এলিফ্যান্ট রোডের বাসিন্দা আব্দুল ওয়াহিদের ছেলে মো. ইলিয়াস হোসেন (৫৫) এবং বরিশালের বাবুগঞ্জ উপজেলার চাঁদপাশা ইউনিয়নের মাইক্রোবাস চালক মো. রিপন মাঝি (৪৫)। এছাড়া মাইক্রোবাসের যাত্রীদের মধ্যে গুরুতর আহত হয়েছেন-মাদারীপুরের শিবচর উপজেলার মো. মনিরুজ্জামান মনি (৩৮), ঢাকার মুরাদপুর এলাকার নুরুজ্জামান (৪৬), বাগেরহাটের মোংলা এলাকার আব্দুল ওয়েজ (৩০) এবং কুমিল্লার দাউদকান্দি ২ এর পাতায় দেখুন

শিক্ষক নেতা আবু হানিফের মৃত্যুতে তথ্য ও সম্প্রচার মন্ত্রীর শোক

গৌরনদী প্রতিনিধি
বাংলাদেশ সহকারী প্রাথমিক শিক্ষক সমাজের বরিশালের গৌরনদী শাখার সভাপতি ও জেলা শাখার সাধারণ সম্পাদক ভুরঘাটা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধানশিক্ষক আবু হানিফ মোল্লা (৫০) মস্তিস্কে রক্তক্ষরণ জনিত কারনে শুক্রবার বিকেল তিনটার দিকে ঢাকার নিউরোসাইন্স হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহী রাজিউন)। মৃত্যুকালে তিনি স্ত্রী ও ২ ছেলে সহ অসংখ্য আত্মীয়স্বজন রেখে গেছেন। একইদিন বাদ এশা জানাজা শেষে পারিবারিক কবরস্থানে তাকে দাফন করা হবে। তার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে শোকাহত পরিবার বর্গদের গভীর সমবেদনা জ্ঞাপন করেছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন, উপজেলা নির্বাহী অফিসার ২ এর পাতায় দেখুন

মোটরসাইকেলে ২, প্রাইভেটকারে ১০ লিটারের বেশি তেল নেওয়া যাবে না

কীর্তনখোলা ডেস্ক
মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতির কারণে বৈশ্বিকভাবে জ্বালানি তেলের সরবরাহে বিরূপ প্রভাব পড়েছে। এতে দেশেও জ্বালানি সংকটের আশঙ্কা দেখা দিয়েছে। বেশি পরিমাণে তেল কিনতে ফিলিং স্টেশনগুলোর সামনে ভিড় করছেন বিভিন্ন যানের চালকেরা। এমতাবস্থায় ফিলিং স্টেশন থেকে তেল সরবরাহের সীমা বেঁধে দিয়ে নির্দেশনা দিয়েছে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি)। শুক্রবার (৬ মার্চ) বিপিসির সচিব শাহিনা সুলতানা স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এই নির্দেশনা দেওয়া হয়। বিপিসির নির্দেশনা অনুযায়ী, একটি মোটরসাইকেলে দিনে ২ লিটার পেট্রল বা অকটেন নেওয়া যাবে।

চাঁদা না পেয়ে সড়কের কাজ বন্ধের অভিযোগ ছাত্রদলের তিন নেতার বিরুদ্ধে

কীর্তনখোলা রিপোর্ট
চাঁদা দাবি করে না পাওয়ায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে সড়ক ও ড্রেন নির্মাণকাজ বন্ধ করে দেওয়ার অভিযোগ উঠেছে ছাত্রদলের তিন নেতার বিরুদ্ধে। এ ঘটনায় তাঁদের বিরুদ্ধে বন্দর থানায় ঠিকাদারের পক্ষ থেকে লিখিত অভিযোগ দেওয়া হয়েছে। তবে অভিযোগটি মামলা হিসেবে নথিভুক্ত হয়নি। ছাত্রদল নেতাদের দাবি, ঠিকাদারের কাজের অনিয়মের বিষয় সামনে আনায় তাঁদের বিরুদ্ধে মিথ্যা অভিযোগ করা হয়েছে। অভিযুক্ত ছাত্রদলের তিন নেতা হলেন বরিশাল বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের সাবেক সভাপতি রেজা শরীফ, বর্তমান সাধারণ সম্পাদক আরিফ হোসেন ও ছাত্রদল নেতা (কমিটিতে পদ নেই) আজমাইন সাকিব। তবে অভিযোগ অস্বীকার করে ছাত্রদল নেতারা বলেন, কাজে অনিয়ম ও নিম্নমানের নির্মাণসামগ্রী ব্যবহারের কারণে আপত্তি তুললে শিক্ষার্থীদের সঙ্গে ঠিকাদার পক্ষের বিরোধ হয়। এর জেরেই নিজেদের দায় এড়াতে থানায় এ ধরনের মিথ্যা ও ভিত্তিহীন অভিযোগ দেওয়া ২ এর পাতায় দেখুন

আন্তর্জাতিক শক্তি সংস্থা
বিশ্ববাজারে তেলের কোনো ঘাটতি নেই, সংকটের কথা অতিরঞ্জিত করা হচ্ছে

কীর্তনখোলা ডেস্ক
বিশ্ববাজারে তেলের কোনো ঘাটতি নেই ও সংকটের আশঙ্কা অতিরঞ্জিত করা হচ্ছে বলে দাবি করেছেন আন্তর্জাতিক শক্তি সংস্থার (আইইএ) নির্বাহী পরিচালক ফাতিহ বিরোল। স্থানীয় সময় বৃহস্পতিবার (৫ মার্চ) বেলজিয়ামের রাজধানী ব্রাসেলসে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে এই দাবি করেন ২ এর পাতায় দেখুন

প্রাথমিকে উপবৃত্তির নির্দেশিকা প্রকাশ, কারা কত টাকা পাবে

কীর্তনখোলা ডেস্ক
সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা প্রকাশ করেছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। নির্দেশিকা অনুযায়ী, সরকারি প্রাথমিক বিদ্যালয়, পিটিআই-সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয় ও শিশু কল্যাণ ট্রাস্ট পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ে (এসকেটি) অধ্যয়নরত সব শিক্ষার্থী উপবৃত্তি কার্যক্রমের আওতাভুক্ত হবে। বৃহস্পতিবার (৫ মার্চ) ২ এর পাতায় দেখুন

সপ্তাহ ব্যবধানে সবজির দাম স্থিতিশীল, মুরগির বাজার চড়া

কীর্তনখোলা রিপোর্ট
পবিত্র মাহে রমজানে নগরীর বাজারগুলোতে সবজির দাম স্থিতিশীল রয়েছে। আগের দামেই বিক্রি হচ্ছে সবজি। একইসঙ্গে কাঁচামরিচ, লেবু ও শসার দাম কিছুটা কমেছে। তবে সপ্তাহ ব্যবধানে এসব বাজারে সব ধরনের মুরগির দাম চড়া দেখা গেছে। শুক্রবার (৬ মার্চ) নগরীল একাধিক বাজার ঘুরে এমন চিত্র দেখা গেছে। এসব বাজারে শীতকালীন সব ধরনের সবজির দাম স্থিতিশীল রয়েছে। সিম প্রকারভেদে কেজি ৪০ থেকে ৬০ টাকা, টমেটো ৫০ থেকে ৬০ টাকা, দেশি গাজর ৪০ থেকে ৫০ টাকা, মুলা ৪০ টাকা, শালগম ৬০ টাকা, ফুলকপি বড় সাইজের প্রতি পিস ৪০ টাকা, বাঁধাকপি ৩০ থেকে ৪০ টাকা ও লাউ ৫০ থেকে ৭০ টাকায় পিস বিক্রি হচ্ছে। এসব বাজারে গ্রীষ্মকালীন সবজি বরবটি ১০০ টাকা, বেগুন কেজিতে ৪০ টাকা কমে প্রকারান্তরে ৮০ থেকে ১০০ টাকা, কচুর লতি ১০০ থেকে ১২০ টাকা, করলা কেজিতে ৪০ টাকা কমে ১০০ থেকে ১২০ টাকা, ঢেঁড়স কেজিতে ২০ টাকা কমে ১২০ টাকা, কচুরমুখী ১০০ থেকে ১২০ টাকা ও ধুন্দল ৮০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। এসব বাজারে কাঁচামরিচ কেজিতে ২০ টাকা কমে ১০০ থেকে ১৪০ টাকা দরে ২ এর পাতায় দেখুন

বরিশালের আদালত পাড়ায় উত্তর পাশে লিকু হাওলাদার এর বিল্ডিং এর তৃতীয় তলার মুরগির ফার্মে আগুন লাগলে ফায়ার সার্ভিস এসে আগুন নিয়ন্ত্রণ আনে -কীর্তনখোলা

বরিশাল বিভাগে ব্যাংক ঋণ সাড়ে ১৯ হাজার কোটি টাকার বেশি

কীর্তনখোলা ডেস্ক
ব্যাংক ঋণের সিংহভাগই ঢাকা ও চট্টগ্রাম বিভাগে কেন্দ্রীভূত। এরমধ্যে শুধু ঢাকা বিভাগেই প্রায় অর্ধেকের বেশি ঋণ থাকে। এর ফলে অন্য বিভাগগুলো তুলনামূলকভাবে ঋণ ও বিনিয়োগ থেকে বঞ্চিত হচ্ছে, যা সুষম উন্নয়নের ক্ষেত্রে বড় বাধা। অর্থনীতিবিদরা এটিকে দেশের অর্থনৈতিক ২ এর পাতায় দেখুন



সাগরে দস্যুতা আতঙ্ক: ট্রলারে হামলা নিখোঁজ জেলে; নিরাপত্তা নিয়ে প্রশ্ন

বরগুনা প্রতিনিধি
সাম্প্রতিক সময়ে বঙ্গোপসাগরের বরগুনা উপকূলীয় এলাকায় সাগরে দস্যুতা, ডাকাতি, হামলা ও অপহরণের ঘটনা উদ্বেগজনক হারে বৃদ্ধি পেয়েছে। বিশেষ করে পাথরঘাটা ও আশপাশের সমুদ্র এলাকায় মাছ ধরতে যাওয়া জেলেরা প্রায়ই দস্যুদের হামলা, লুটপাট এবং মুক্তিপণ দাবির শিকার হচ্ছেন। ফলে গভীর সমুদ্রে জীবিকা নির্বাহ করতে যাওয়া হাজারো জেলের মধ্যে চরম আতঙ্ক বিরাজ করছে। এরই ধারাবাহিকতায় গত বুধবার (৪ মার্চ) রাত আনুমানিক ৮টার দিকে গভীর সমুদ্রে মাছ ধরার সময় একটি ফিশিং ট্রলারে হামলা ও ডাকাতির ঘটনা ঘটে। এ ঘটনায় প্রাণভয়ে সাগরে ঝাঁপ দিয়ে দুই জেলে নিখোঁজ হয়েছেন এবং হামলায় আহত হয়েছেন অন্তত পাঁচজন জেলে। আহতদের মধ্যে কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে। জেলেদের অভিযোগ, গভীর সমুদ্রে মাছ ধরার সময় এফবি মায়ের দোয়া নামের একটি ট্রলারের জালের ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়খালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

যুদ্ধের প্রভাব পড়তে শুরু করেছে

মধ্যপ্রাচ্যে যুদ্ধের আগুন ক্রমেই বিস্তৃত হচ্ছে এবং ভয়ংকর রূপ নিচ্ছে। আর তার প্রভাব পড়ছে বিশ্বব্যাপী। বাংলাদেশেও বিভিন্ন ক্ষেত্রে যুদ্ধের প্রভাব পড়তে শুরু করেছে। বিশেষ করে জ্বালানি তেল ও গ্যাসের সরবরাহে বিপর্যয় নেমে আসার আশঙ্কা করা হচ্ছে। প্রভাব পড়তে পারে প্রধান রপ্তানি পণ্য তৈরি পোশাক পরিবহনে। মধ্যপ্রাচ্যের শ্রমবাজারে থাকা প্রবাসী বাংলাদেশিদের নিয়েও রয়েছে আশঙ্কা। সব মিলিয়ে বাংলাদেশকে পরিস্থিতি মোকাবেলায় দ্রুত কার্যকর পদক্ষেপ নিতে হবে বলেই মনে করেন বিশেষজ্ঞরা। প্রকাশিত একাধিক প্রতিবেদনে যুদ্ধের নানা দিক এবং বিভিন্ন ক্ষেত্রে তার সম্ভাব্য প্রভাব নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে। তুলে ধরা হয়েছে বিশেষজ্ঞদের অভিমত। সরকারও বিষয়গুলো নিয়ে আলাপ-আলোচনা চালিয়ে যাচ্ছে। করণীয় নির্ধারণে বৈঠক করছে। নীতি গবেষণা প্রতিষ্ঠান বাংলাদেশ ইনস্টিটিউট অব পিস অ্যান্ড সিকিউরিটি স্টাডিজ (বিপস) প্রকাশিত এক নিরাপত্তা পর্যবেক্ষণে সম্ভাব্য প্রভাবগুলো তুলে ধরা হয়েছে। সেগুলোর মধ্যে আছে, ইরানের হরমুজ প্রণালি অবরোধের কারণে সরবরাহ ব্যাহত এবং পরিচালন ব্যয় বেড়ে যাচ্ছে। বাংলাদেশের জ্বালানি আমদানি ও তৈরি পোশাক রপ্তানি এই রুটের ওপর ব্যাপকভাবে নির্ভরশীল। কিছু জাহাজ আফ্রিকার দক্ষিণ প্রান্ত ঘুরে চলাচল করায় শিপিং ব্যয় ও সময় উভয়ই বাড়ছে। ফলে তৈরি পোশাক রপ্তানি ব্যয় ৩০ থেকে ৩৫ শতাংশ পর্যন্ত এবং অপরিশোধিত তেলের দাম ব্যারেলপ্রতি ৯৫ থেকে ১১০ মার্কিন ডলার পর্যন্ত বৃদ্ধি পেতে পারে। মার্চ থেকে মে পর্যন্ত নির্ধারিত ২২টির মধ্যে ১৮টি এলএনজি কার্গো হরমুজ প্রণালি দিয়ে আসার কথা থাকায় সরবরাহ ব্যাহত হওয়ার আশঙ্কা রয়েছে। মধ্যপ্রাচ্যে প্রায় এক কোটি ২০ লাখ প্রবাসী বাংলাদেশির নিরাপত্তা নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে, যা রেমিট্যান্সপ্রবাহেও বিঘ্ন ঘটাতে পারে। যুদ্ধ যত দীর্ঘ হবে, ক্ষতিকর প্রভাব ততই বাড়বে। জ্বালানি সরবরাহ ব্যাহত হওয়ার আশঙ্কা এবং উদ্ভূত পরিস্থিতি মোকাবেলায় বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের উদ্যোগে গত বুধবার জরুরি পর্যালোচনাসভা অনুষ্ঠিত হয়েছে। মন্ত্রণালয়ের নির্দেশনায় জানানো হয়, সম্ভাব্য বিভিন্ন উৎস থেকে নির্ধারিত সময় ও পরিমাণে জ্বালানি সরবরাহ অনিশ্চিত হয়ে পড়েছে। দেশের অভ্যন্তরে বর্তমান চাহিদা অনুযায়ী জ্বালানি সরবরাহে সাময়িক বিঘ্ন ঘটতে পারে বা সরবরাহ সমন্বয়ের প্রয়োজন হতে পারে। এর প্রভাবে বিদ্যুৎ ও সারের উৎপাদন কিছুটা হ্রাস পাওয়ার আশঙ্কা রয়েছে। তবে পবিত্র মাহে রমজানে জনদুর্ভোগ কমাতে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের কথা জানানো হয়েছে। পরিস্থিতি মোকাবেলায় মন্ত্রণালয়ের পক্ষ থেকে সাধারণ জনগণের সহযোগিতা কামনা করা হয়েছে। বিশেষ করে ব্যক্তিগত গাড়ি ব্যবহার কমিয়ে গণপরিবহন ব্যবহারের অনুরোধ জানানো হয়েছে। এ ছাড়া খোলাবাজারে ডিজেল ও পেট্রল বিক্রয় বন্ধ রাখতে ব্যবসায়ী ও আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীকে তৎপর হওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

পৃথক পৃথক সড়ক দুর্ঘটনায়

উপজেলার মো. শফিউল বাশার (৪০)। গৌরনদী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের স্টেশন অফিসার মো. মিজানুর রহমান জানান, খুলনাগামী টেকেরহাট এক্সপ্রেসের একটি যাত্রীবাহী বাসের সঙ্গে বরিশালগামী একটি মাইক্রোবাসের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে মাইক্রোবাসটি দুমড়ে-মুচড়ে যায় এবং চালকসহ ৬ জন গুরুতর আহত হন। খবর পেয়ে ফায়ার সার্ভিসের সদস্যরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আহতদের উদ্ধার করে হাসপাতালে পাঠান। পরে চিকিৎসাধীন অবস্থায় মাইক্রোবাসের চালকসহ দুইজন মারা যান। গুরুতর আহতদের বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। গৌরনদী হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শামীম শেখ দুর্ঘটনার বিষয়টি নিশ্চিত করে জানান, বাস ও মাইক্রোবাস দুটি জব্দ করা হয়েছে। বর্তমানে মহাসড়কে যান চলাচল স্বাভাবিক রয়েছে। এ ঘটনায় আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে। অপরদিকে, অষ্টম শ্রেণি পাসের পর বাবার মৃত্যু। এরপর কখনো রাজমিস্ত্রির কাজ, কখনো দিনমজুরি- এভাবেই পরিবারের হাল ধরেছিলেন আমির (২০)। চাচাতো ভাইকে পটুয়াখালী বাসস্ট্যান্ডে এগিয়ে দিতে গিয়ে ফেরার পথে অটোরিকশা ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে নিহত হয়েছেন তিনি। এ ঘটনায় তার পরিবারে শোকের মাতম চলছে। শুক্রবার (৬ ফেব্রুয়ারি) বেলা ১১টার দিকে পটুয়াখালী সদর উপজেলার মাদারবুনিয়া ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের বিরাজলা গ্রামের বিশ্বাস বাড়ি এলাকায় এ দুর্ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা যায়, হেতালিয়া বাধঘাট থেকে নিজে মোটরসাইকেল চালিয়ে আসছিল আমির। পথিমধ্যে বিশ্বাস বাড়ি এলাকায় এসে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা অটোরিককশার সাথে মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। নিহত আমির পটুয়াখালী সদর উপজেলার মাদারবুনিয়া ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের বোতলবুনিয়া গ্রামের মৃত সত্তার শিকদারের মেজো ছেলে ছিলেন। নিহতের চাচাতো ভাই নজরুল বলেন, আমি পরীক্ষা দিতে বরিশাল যাব। তাই আমাকে আগাইয়া দিতে আসছিল আমির। হঠাৎ করেই ফোন পাই ও এক্সিডেন্ট করছে। ঘটনাস্থলে এসে দেখি আমির আর নাই। হাসপাতালে নিয়ে যাওয়ার আগেই মারা গেছে। স্থানীয় বাসিন্দা সাব্বির আহমেদ ইমন বলেন, ছেলেটা খুব ভালো ছিল। কখনো কারো সাথে এলাকায় বেয়াদবি করেনি, সদা হাসিখুশি থাকত। ঘটনাস্থলেই সংঘর্ষে ওর মাথার ঘিলু বের হয়ে গেছে। এমন মর্মান্তিক মৃত্যু মেনে নিতে পারছি না। ঘটনার পর থেকে অটোচালক পালিয়েছেন, তাকে কোথাও খুঁজে পাইনি। এ ঘটনায় অটোতে থাকা আরও তিনজন আহত হয়েছেন, তবে ততটা গুরুতর নয়। নিহতের মা হোসনে আরা বেগম জানান, বাবার মৃত্যুর পর থেকেই সংসারের হাল ধরেছিলেন আমির। চার সদস্যের পরিবারের একমাত্র অবলম্বন ছিল সে। ছেলেকে হারিয়ে কান্নায় ভেঙে পড়েন তিনি। এ বিষয়ে পটুয়াখালী সদর থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) [illegible] জানান, নিহতের মরদেহ উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়েছে। পরিবার থানায় এসেছে, তবে লিখিত অভিযোগ দেয়নি। অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়া হবে। এদিকে, ভোলার লালমোহন উপজেলায় মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে বিদ্যুতের খুঁটির সঙ্গে ধাক্কা লেগে মো. মহিম (২৭) নামে এক যুবক নিহত হয়েছেন। নিহত ওই ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের জনতা বাজার এলাকার কবিরাজ বাড়ির মো. আলীর ছেলে। শুক্রবার (৬ মার্চ) সকালে উপজেলার ধলীগৌরনগর ইউনিয়নের পাটোয়ারিরহাট এলাকায় এ দুর্ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা গেছে, শুক্রবার সকালে মহিম লালমোহন উপজেলার ধর্মহাজীকুঁড়ি ইউনিয়নের মাদরাসা বাজার এলাকার তার শ্বশুরবাড়ি থেকে নিজ বাড়ির উদ্দেশে রওনা দেন। পথিমধ্যে ধলীগৌরনগর ইউনিয়নের পাটোয়ারিরহাট এলাকায় পৌঁছলে তার মোটরসাইকেলটি নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশে থাকা বিদ্যুতের খুঁটির সঙ্গে সজোরে ধাক্কা লাগে। এতে মাথায় গুরুতর আঘাত পান যুবক মহিম। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে লালমোহন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। লালমোহন থানার ওসি মো. আলিল ইসলাম জানান, দুর্ঘটনার খবর পেয়ে পুলিশের একটি টিম ঘটনাস্থল পরিদর্শন করে মরদেহের সুরতহাল প্রতিবেদন তৈরি করেছে। এ ঘটনায় আইনি ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

নিরপেক্ষ জায়গা থেকে গণঅভ্যুত্থান

পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম। শুক্রবার (৬ মার্চ) এনসিপিকে নিয়ে রচিত গ্রন্থ ‘এনসিপির যাত্রা’ এর মোড়ক উন্মোচন অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান। নাহিদ ইসলাম বলেন, গত দেড় বছরের অভিজ্ঞতা ঠিক করে দিয়েছে, আগামীর বাংলাদেশ কেমন হবে, রাজনৈতিক দলগুলো কেমন হবে। জুলাই গণঅভ্যুত্থান নিয়ে আরও বেশি বই লেখা উচিত। গান, শিল্প, সাহিত্য, সংস্কৃতিতে জুলাই অভ্যুত্থানের ইতিহাস থাকবে। আরেকটু সময় গেলে আমরা বুঝতে পারবো অভ্যুত্থান কীভাবে হয়েছে। তিনি আরও বলেন, গত এক দশকে যেসব নেতৃত্ব সারা দেশ থেকে সংগঠিত হয়েছিল, তাদের নিয়েই হয়েছিল জাতীয় নাগরিক কমিটি। আর বৈষম্যবিরোধী আন্দোলন ছিল মাঠের ছাত্রদের। এই দুইয়ের সম্মেলন এনসিপি। এনসিপির আহ্বায়ক বলেন, গণঅভ্যুত্থান থেকে অনেক প্লাটফর্ম এসেছে, তাদের স্বাগত জানাই। তবে গণঅভ্যুত্থানের রাজনৈতিক দল হিসেবে দাঁড়িয়েছে এনসিপি। কারণ অভ্যুত্থানের মূল নেতৃত্বের বড় অংশ এনসিপিতে এসেছে। এরা সংস্কার ও বিচারের রাজনীতিটা ধরতে পেরেছে। তিনি বলেন, এনসিপি নিয়ে সামাজিক মাধ্যম ও কূটনীতিকদের কাছে প্রোপাগান্ডা ছড়ানো হয়। বিভিন্ন নেতার বরাতে এনসিপির বিভিন্ন ইস্যুর বক্তব্য আড়াল করা হয়। এনসিপির বিভিন্ন ইস্যুতে অবস্থানগুলো এই বইতে আছে। অর্থনৈতিক নিরাপত্তা, বৈষম্য রোধ, গণতান্ত্রিক সংস্কার নিশ্চিত না হলে বাংলাদেশের সামনের দিনে নেপালের মতো আন্দোলন ও ঘটনা ঘটতে পারে বলে শঙ্কা প্রকাশ করেন এনসিপির আহ্বায়ক। বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে এনসিপি আহ্বায়ক ও বিরোধী দলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম ও সদস্য সচিব জনাব আখতার হোসেন, বইটির লেখক এনসিপির যুগ্ম মুখ্য সমন্বয়ক মো. মাহবুব আলম, বইয়ের প্রকাশক আদর্শ’র স্বত্বাধিকারী মাহবুব রাহমান, এনসিপির যুগ্ম আহ্বায়ক সারোয়ার তুষার, যুগ্ম আহ্বায়ক মুজাহিদুল ইসলাম শাহিন, এনসিপি ডায়াস্পোরা এলায়েন্সের আহ্বায়ক সাইফ ইবনে সারওয়ার প্রমুখ উপস্থিত ছিলেন।

রিজওয়ানার বিরুদ্ধে বিচারবিভাগীয়

তদন্তের দাবি জানিয়েছে জামায়াতে ইসলামী। শুক্রবার (৬ মার্চ) জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের উত্তর গেটে আয়োজিত বিক্ষোভ মিছিলে এ দাবি জানান দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। ‘সাবেক উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান ও খলিলুর রহমানের গ্রেফতার ও জিজ্ঞাসাবাদের দাবিতে’ এই বিক্ষোভ সমাবেশ ও মিছিলের আয়োজ করে জামায়াতে ইসলামী ঢাকা মহানগর দক্ষিণ শাখা। সমাবেশে সৈয়দা রিজওয়ানা হাসানের উদ্দেশ্যে মিয়া গোলাম পরওয়ার বলেন, আপনি আপনার বক্তব্যের অডিও-ভিডিও বারবার দেখুন, আপনি কী বলেছেন? যখন চারদিকে সমালোচনা ও তদন্তের দাবি উঠলো, আপনি ব্যাখ্যা দেওয়ার চেষ্টা করলেন যে আপনি কোনো রাজনৈতিক দলকে মিন করেননি, উগ্রবাদীদের মিন করেছেন। কিন্তু আপনার কথাতেই আপনি আবার ধরা পড়ে যাচ্ছেন। সাংবাদিক যখন নারী অধিকার ও মর্যাদার প্রশ্নে আপনাকে জিজ্ঞাসা করলেন যে তাদের একটা অংশ তো বিরোধী দলে আছে, তখন আপনি বললেন- ‘বিরোধী দলে যদি তারা থেকেও থাকে, তাদেরকে আমরা মেইনস্ট্রিমে আসতে দেইনি’। জামায়াতের সেক্রেটারি জেনারেল বলেন, আপনি যতই ব্যাখ্যা দিন যে কোনো দলকে মিন করেননি, জাতীয় সংসদে বিরোধী দল তো একটাই। আপনি নাম হয়তো জামায়াতে ইসলামী বলেননি, কিন্তু অপোজিশন কারা? আপনি বলছেন- ‘তারা বিরোধী দলে থাকলেও তাদেরকে আমরা মেইনস্ট্রিমে আসতে দেইনি’। অর্থাৎ আপনি মেইনস্ট্রিম বলতে পার্লামেন্ট নির্বাচনে মেজরিটি সিটে জিতে আসতে দেননি। দ্যাট ইজ কল্ড ইলেকশন ইঞ্জিনিয়ারিং। আপনার এই কথা থেকেই জনগণের বিশ্বাস করার সুযোগ আছে যে, আপনি হচ্ছেন সেই ইঞ্জিনিয়ারিংয়ের একজন আত্মস্বীকৃত রাজসাক্ষী। এখন আপনাকেই প্রমাণ করতে হবে বিরোধী দল বলতে আপনি কাকে মিন করেছেন। পার্লামেন্টে জামায়াতে ইসলামী ছাড়া আর কোনো বিরোধী দল কি আছে? মিয়া গোলাম পরওয়ার বিচার বিভাগের প্রতি অনুরোধ করেন, সৈয়দা রিজওয়ানা হাসানের এই বক্তব্যটাকে আপনারা পরীক্ষা করুন, এই অভিযোগের ব্যাপারে তাকে জিজ্ঞাসাবাদের মুখোমুখি করুন। জাতির সামনে আসল সত্যকে পরিষ্কার করুন। সরকারের উদ্দেশে তিনি বলেন, আমরা বর্তমান সরকারের দৃষ্টিতে আনতে চাই এই বক্তব্যটাকে পরীক্ষা করা হোক। রাজনৈতিক বিশ্লেষক, চিন্তাশীল সিভিল সোসাইটি এখন নীরব কেন? আপনি এ কথার ব্যাখ্যা দেন। বিরোধী দলে থাকলেও তাদেরকে আমরা মেইনস্ট্রিমে আসতে দেইনি। এই কথার অর্থ কি? সমাজের সুশীলদের কাছে ব্যাখ্যা চাই। আমাদের ব্যাখ্যা যদি ভুল হয় আপনারা সঠিক ব্যাখ্যা দিন- সংসদে বিরোধী দলে জামায়াতে ইসলামী ছাড়া কারা আছে? পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের উদ্দেশে পরওয়ার বলেন, নির্বাচনের আগে বিএনপির অনেক সিনিয়র নেতা ষড়যন্ত্রের অভিযোগ তুলেছিলেন আপনার বিরুদ্ধে। অথচ তাদেরই সরকারে আপনি যোগ দিলেন। আসলে ডিপ স্টেটে যারা পলিসি মেকার ছিলেন, তারা আপনাকে পছন্দ করেই ক্যাবিনেটে নিয়ে এসেছেন। এর অর্থ হলো, উপদেষ্টা থাকাকালীন আপনি বর্তমান সরকারি দলের যথেষ্ট উপকার করেছেন এবং নির্বাচনে বিজয়ী করে সরকারে আনার সার্ভিসে তারা এত সন্তুষ্ট হয়েছে যে, পুরস্কার হিসেবে আপনাকে পররাষ্ট্রমন্ত্রীর পদ দেওয়া হয়েছে। এটা জাতি বুঝতে পারে, ইঞ্জিনিয়ারিংয়ে আপনি গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। বিক্ষোভ সমাবেশে আরও বক্তব্য রাখেন ঢাকা-৫ আসনের সংসদ সদস্য কামাল হোসেন, ঢাকা মহানগরী উত্তরের সহকারী সেক্রেটারি ইয়াসিন আরাফাত প্রমুখ। বিক্ষোভ সমাবেশ শেষে এক বিক্ষোভ মিছিল বের করেন জামায়াত নেতাকর্মীরা। মিছিলটি পল্টন মোড়, বিজয়নগর হয়ে কাকরাইলে গিয়ে শেষ হয়।

জাতিসংঘের ৮১তম

বিশ্ব সম্প্রদায়ের সমর্থন চেয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি ঢাকায় নিযুক্ত বিভিন্ন দেশের কূটনীতিকদের প্রতি এই আহ্বান জানান। শুক্রবার সন্ধ্যায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় কূটনীতিকদের সম্মানে আয়োজিত এক ইফতার মাহফিলে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রী তাঁর বক্তব্যে বিশ্বশান্তি এবং আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশের সক্রিয় ভূমিকার কথা তুলে ধরেন। প্রধানমন্ত্রী বলেন, বর্তমান সরকার মানবাধিকার সুরক্ষা, মত প্রকাশের স্বাধীনতা রক্ষা এবং সমাজে সহনশীলতার সংস্কৃতি গড়ে তুলতে দৃঢ়ভাবে প্রতিশ্রুতিবদ্ধ। গণতান্ত্রিক মূল্যবোধ সমুন্নত রাখতে বাংলাদেশ সবসময় বিশ্ব সম্প্রদায়ের সাথে কাজ করতে আগ্রহী। দুর্নীতি প্রসঙ্গে প্রধানমন্ত্রী তারেক রহমান কঠোর বার্তা দিয়ে বলেন, তাঁর সরকারের প্রধান লক্ষ্য হলো রাষ্ট্রীয় সব স্তরে স্বচ্ছতা নিশ্চিত করা। বিশেষ করে প্রশাসনের প্রতিটি স্তরে দুর্নীতি মোকাবিলায় সর্বোচ্চ কঠোর ও কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হবে। ইফতার মাহফিলে বিভিন্ন দেশের রাষ্ট্রদূত, উচ্চপদস্থ কূটনীতিক এবং সরকারের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। মধ্যপ্রাচ্য ও বৈশ্বিক উত্তেজনার এই সময়ে আন্তর্জাতিক কূটনীতিতে বাংলাদেশের অবস্থান জোরালো করতেই এই আয়োজন করা হয় বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

হাজারো প্রাণের বিনিময়ে গণতন্ত্রের

শহীদের আকাঙ্ক্ষায় বাংলাদেশ প্রতিষ্ঠিত করতে হলে, আমাদের জ্ঞান-বিজ্ঞান-প্রযুক্তিতে আরও সমৃদ্ধ হতে হবে। অর্থনৈতিক স্বাবলম্বিতা অর্জন করতে হবে। গড়ে তুলতে হবে একটি স্বনির্ভর বাংলাদেশ। শুক্রবার সকালে ওসমানী স্মৃতি মিলনায়তনে জাতীয় পাট দিবস ২০২৬ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। চাষীদের পাট চাষের আহ্বান জানিয়ে রাষ্ট্রপতি বলেন, আপনারা উন্নত প্রযুক্তির উচ্চ ফলনশীল চাষ পদ্ধতি অনুসরণ করুন। উদ্যোক্তাদের উদ্দেশে রাষ্ট্রপতি বলেন, বাজারের চাহিদা অনুযায়ী নিত্য নতুন আধুনিক মানসম্মত ও ব্যবহার উপযোগী স্বাস্থ্য পণ্য উদ্ভাবনে এগিয়ে আসুন। অল্পমূল্যে পাটের ব্যাগ তৈরি ও বিপণন করুন। সৃজনশীল তরুণ প্রজন্মের প্রতি আহ্বান থাকবে, স্টার্টআপ ও উদ্ভাবনের মাধ্যমে মেড ইন বাংলাদেশ ব্যান্ডিং ও বৈশ্বিক ইকমার্স প্লাটফর্মে যুক্ত হয়ে নতুন উন্মোচন করুন। রাষ্ট্রপতি বলেন, পাট বাংলাদেশের সমাজ, সংস্কৃতি, ঐতিহ্য ও গৌরবের অংশ। অর্থনৈতিক উন্নয়নের গুরুত্বপূর্ণ ভিত্তি এই পাট। পাট একাধারে পণ্য, আবার শিল্পজাত ও রপ্তানি পণ্য। বৈশ্বিক জলবায়ু পরিবর্তন, পরিবেশ দূষণ এবং পলিথিন ও প্লাস্টিকের ব্যাপক ক্ষতিকর প্রভাবের প্রেক্ষাপটে বাস্তবতায় পরিবেশবান্ধব পণ্য হিসাবে পাটের গুরুত্ব বহুগুণ বেড়েছে। বিশ্ব এখন টেকসই ও পরিবেশবান্ধব পণ্যের দিকে ঝুঁকছে। এই পরিবর্তিত বাস্তবতায় পাট ও পাটজাত পণ্য বাংলাদেশের সামনে এক নতুন সম্ভাবনার দুয়ার উন্মোচিত করে দিয়েছে। এই সুবর্ণ সুযোগকে আমাদের কাজে লাগাতে হবে। তিনি বলেন, দেশের অর্থনীতির সার্বিক সংস্কার ও অঞ্চলভিত্তিক অর্থনীতির ত্রাণ সঞ্চার এবং শিল্প বাণিজ্যের দেশি-বিদেশি বিনিয়োগ বৃদ্ধি করে এক কোটি কর্মসংস্থান তৈরির লক্ষ্যমাত্রা অর্জন করা হবে। বর্তমান সরকার ইতোমধ্যে রুগ্ন বন্ধ পাটকলসহ বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান খুলে দিয়ে নতুন কর্মসংস্থান তৈরির উদ্যোগ গ্রহণ করেছে। সরকার ইতিমধ্যে পাট খাতে প্রযুক্তি সমৃদ্ধ ও আধুনিকীকরণ গবেষণা সম্প্রসারণ, উচ্চ ফলনশীল জাতের পাট উদ্ভাবন, পাটের ব্যবহারে নানান গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে। রাষ্ট্রপতি বলেন, বর্তমান কৃষি এবং কৃষকবান্ধব সরকার আগামী পয়লা বৈশাখ অর্থাৎ ১৪ এপ্রিল থেকে পর্যায়ক্রমে কৃষক কার্ড বিতরণ শুরু করবে। কৃষক কার্ডের মাধ্যমে কৃষকরা ন্যায্য মূল্যে কৃষি উপকরণ, সরকারি ভর্তুকি ও প্রণোদনা, সাশ্রয়ী মূল্যে কৃষিযন্ত্র ব্যবহারের সুযোগ, সহজ শর্তে কৃষি ঋণ, কৃষি বীমার সুবিধা, ন্যায্য মূল্যে কৃষিপণ্য বিক্রির সুযোগ, কৃষি প্রশিক্ষণ ডিজিটাল প্লাটফর্মের মাধ্যমে আবহাওয়া ও বাজার সংক্রান্ত তথ্যসহ কৃষি সংশ্লিষ্ট তথ্য পেতে সক্ষম হবেন। সরকারের এসব উদ্যোগের ফলে অর্থনীতি শক্তিশালী হবে। তিনি আরও বলেন, বর্তমান প্রতিযোগিতামূলক বিশ্বে বাংলাদেশের পাট পণ্যও বাড়তি প্রতিযোগিতার সম্মুখীন হচ্ছে। এটি কার্যকরভাবে মোকাবেলা করার লক্ষ্যে দেশের সকল পাটকলের উৎপাদন সক্ষমতা বৃদ্ধি, কাঁচাপাটের চাহিদা ও যোগান এবং রপ্তানি বাজারের চ্যালেঞ্জ সমূহ অন্তর্ভুক্ত করে আধুনিক কর্মসূচি ও একটি সমন্বিত তথ্য ব্যবস্থাপনা ব্যবস্থা গড়ে তোলা খুবই প্রয়োজন। বিশ্ব বাজারে কাঁচাপাট কিংবা পাটজাত পণ্যের চাহিদার প্রতি লক্ষ্য রেখে সরকার পাট রপ্তানি বাড়ানোর জন্য সম্ভাব্য সকল উদ্যোগ গ্রহণ করবে। মূল্য সংযোজিত পাট পণ্য উৎপাদন ও রপ্তানি সম্প্রসারণে সরকার অবশ্যই গুরুত্ব দেবে। আমার বিশ্বাস এজন্য একটি লক্ষ্যভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহণ করা হলে ফল পাওয়া যাবে। রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বলেন, পরিবেশের জন্য মারাত্মক ক্ষতিকর পলিথিন ব্যাগ পরিহার করুন। সাশ্রয়ী মূল্যের পাটের ব্যাগ ও পরিবেশবান্ধব পণ্য ব্যবহার করুন। আমাদের বিশ্বাস বর্তমান জনবান্ধব সরকারের হাত ধরে পাটখাতে সোনালী দিন ফিরে আসবে। সৃষ্টি হবে নতুন নতুন কর্মসংস্থান।

বরিশাল বিভাগে ব্যাংক ঋণ সাড়ে

বৈষম্যের একটি বড় কারণ হিসেবেও মনে করেন। ব্যাংক ঋণের ৬৭ দশমিক ৩৪ শতাংশ ঢাকা বিভাগে এবং ১৯ দশমিক ৪০ শতাংশ বিতরণ করা হয় চট্টগ্রাম বিভাগে। বৃহস্পতিবার (৫ মার্চ) বাংলাদেশ ব্যাংকের প্রকাশিত সর্বশেষ হালনাগাদ প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে। কেন্দ্রীয় ব্যাংকের তথ্য বলছে, গত বছরের ডিসেম্বর শেষে ব্যাংক খাতের মোট ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ১৭ লাখ ৭৭ হাজার ৩১৬ কোটি টাকা। এর তিন মাস আগে সেপ্টেম্বর শেষে ব্যাংক খাতের মোট ঋণের পরিমাণ ছিল ১৭ লাখ ৪১ হাজার ৭৪৪ কোটি টাকা। সে হিসাবে তিন মাসে ব্যাংক খাতে ঋণ বিতরণ বেড়েছে ৩৫ হাজার ৫৭২ কোটি টাকা। প্রতিবেদন অনুযায়ী, গত বছরের ডিসেম্বর শেষে ঢাকা বিভাগে ব্যাংক খাতের বিতরণ করা ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ১১ লাখ ৯৬ হাজার ৭৭২ কোটি টাকা, যা মোট ঋণের ৬৭ দশমিক ৩৪ শতাংশ। এর তিন মাস আগে সেপ্টেম্বর শেষে যার পরিমাণ ছিল ১১ লাখ ৭৬ হাজার ৭৭৪ কোটি টাকা। তবে গত সেপ্টেম্বর প্রান্তিকের তুলনায় ডিসেম্বর শেষে ঢাকা বিভাগে কমেছে ব্যাংকগুলোর ঋণ বিতরণ। খাত সংশ্লিষ্টরা জানান, ব্যাংক ঋণের বড় অংশই ঢাকা ও চট্টগ্রাম বিভাগে কেন্দ্রীভূত হওয়ায় জাল-জালিয়াতির বেশিরভাগই ঘটেছে এসব এলাকায়। আবার বেশিরভাগ ব্যাংক শাখা বা ব্যবসাকেন্দ্র সম্প্রসারণ হচ্ছে এ দুই বিভাগকে কেন্দ্র করে। অন্য বিভাগগুলোতে ঋণ কার্যক্রম বাড়াতে বিভিন্ন সময়ে ব্যাংকগুলোকে নির্দেশনা দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। বর্তমানে বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে কীভাবে অন্য বিভাগে বাড়ানো যায়, সে বিষয়ে একটি কর্মসূচি চলমান। তথ্যানুযায়ী, ব্যাংকগুলোর ঋণ বিতরণে দ্বিতীয় অবস্থানে রয়েছে চট্টগ্রাম বিভাগ। গত বছরের ডিসেম্বর শেষে চট্টগ্রাম বিভাগে ব্যাংকগুলোর বিতরণ করা ঋণের স্থিতি দাঁড়িয়েছে ৩ লাখ ৪৪ হাজার ৮৩০ কোটি টাকা, যা মোট বিতরণ করা ঋণের ১৯ দশমিক ৪০ শতাংশ। আর সেপ্টেম্বর শেষে এ বিভাগে ব্যাংক ঋণের পরিমাণ ছিল ৩ লাখ ৩৮ হাজার ৪৪ কোটি টাকা। তবে গত জুন প্রান্তিকের তুলনায় চট্টগ্রাম বিভাগে ব্যাংকগুলোর ঋণ বিতরণ কমেছে। প্রতিবেদন অনুযায়ী, গত বছরের ডিসেম্বর শেষে খুলনা বিভাগে ব্যাংক খাতের বিতরণকৃত ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ৬৬ হাজার ৪৯৩ কোটি টাকা। যা ব্যাংক খাতে মোট বিতরণ করা ঋণের মাত্র ৩ দশমিক ৭৪ শতাংশ। ডিসেম্বর শেষে রাজশাহী বিভাগে ব্যাংক খাতের বিতরণ করা ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ৬৬ হাজার ৬৩ কোটি টাকা। যা ব্যাংক খাতে মোট বিতরণ করা ঋণের মাত্র ৩ দশমিক ৭২ শতাংশ। ডিসেম্বর শেষে বরিশাল বিভাগে ব্যাংক ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ১৯ হাজার ৬০২ কোটি টাকা। যা ব্যাংক খাতে মোট বিতরণ করা ঋণের মাত্র ১ দশমিক ১০ শতাংশ। সিলেট বিভাগে ডিসেম্বর শেষে ব্যাংক ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ১৯ হাজার ২৭ কোটি টাকা। যা ব্যাংক খাতে মোট ঋণের মাত্র ১ দশমিক ০৭ শতাংশ। একই সময়ে রংপুর বিভাগে ব্যাংক ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ৪১ হাজার ৭৫১ কোটি টাকা। যা ব্যাংক খাতে মোট বিতরণ করা ঋণের মাত্র ২ দশমিক ৩৫ শতাংশ। ডিসেম্বর শেষে ময়মনসিংহ বিভাগে ব্যাংক খাতের বিতরণ করা ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ২২ হাজার ৭৭৬ কোটি টাকা। যা ব্যাংক খাতে মোট বিতরণ করা ঋণের মাত্র ১ দশমিক ২৮ শতাংশ।

সাগরে দস্যুতা আতঙ্ক: ট্রলারে হামলা

ওপর দিয়ে যাওয়ার চেষ্টা করে এফবি মুন্না নামের একটি অবৈধ কাঠের ট্রলিং বোট। এতে জেলেরা বাধা দিলে ওই ট্রলার থেকে প্রথমে ইট-পাটকেল নিক্ষেপ করা হয়। কিছুক্ষণ পর আরও কয়েকটি ট্রলিং বোট এসে ফিশিং ট্রলারটিকে চারদিক থেকে ঘিরে ফেলে। এ সময় ট্রলিং বোটের লোকজন দেশীয় অস্ত্র নিয়ে ট্রলারে উঠে জেলেদের ওপর এলোপাতাড়ি হামলা চালায় এবং মারধর করে। হামলার একপর্যায়ে প্রাণভয়ে জসিম ও হিরু বয়াতী নামে দুই জেলে সাগরে ঝাঁপ দেন। পরে হামলাকারীরা চলে গেলে আহত জেলেদের উদ্ধার করা হলেও ওই দুই জেলের আর কোনো খোঁজ পাওয়া যায়নি। আহত জেলেরা পাথরঘাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নিতে এলে বিষয়টি প্রকাশ্যে আসে। হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক জানান, আহতদের শরীরের বিভিন্ন স্থানে ধারালো ও ভোঁতা অস্ত্রের আঘাতের চিহ্ন রয়েছে। তাদের মধ্যে কয়েকজনকে হাসপাতালে ভর্তি রাখা হয়েছে। স্থানীয় জেলেদের দাবি, সমুদ্রে অবৈধ ট্রলিং বোটের আধিপত্য, দস্যুদের উৎপাত এবং প্রশাসনিক নজরদারির ঘাটতির কারণে এমন ঘটনা দিন দিন বাড়ছে। অনেক সময় জেলেদের অপহরণ করে মুক্তিপণও দাবি করা হয়। ফলে জীবিকার তাগিদে সাগরে গেলেও প্রতিনিয়ত জীবনের ঝুঁকি নিয়ে কাজ করতে হচ্ছে তাদের। বরগুনা জেলা মৎস্যজীবী ট্রলার মালিক সমিতির সভাপতি গোলাম মোস্তফা চৌধুরী বলেন, বাগেরহাটের কিছু অবৈধ কাঠের ট্রলিং বোট এ হামলার সঙ্গে জড়িত বলে ধারণা করা হচ্ছে। জেলেরা হামলাকারী ট্রলারগুলো শনাক্ত করেছে। নিখোঁজ জেলেদের উদ্ধারে কোস্টগার্ডসহ সংশ্লিষ্ট প্রশাসনের জরুরি হস্তক্ষেপ কামনা করেছেন তিনি। উপকূলীয় জেলেরা বলছেন, সাগরে নিরাপত্তা জোরদার না হলে এবং দস্যুতা দমনে কার্যকর পদক্ষেপ নেওয়া না হলে ভবিষ্যতে এমন ঘটনা আরও বাড়তে পারে। এজন্য তারা নিয়মিত টহল বৃদ্ধি, অবৈধ ট্রলিং বন্ধ এবং দস্যুদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন।

শিক্ষক নেতা আবু হানিফের

ও পৌর প্রশাসক মো. ইব্রাহীম, গৌরনদী প্রেসক্লাবের সভাপতি জহুরুল ইসলাম জহির, সাবেক সভাপতি মো. গিয়াস উদ্দিন মিয়া, বাংলাদেশ সহকারী প্রাথমিক শিক্ষক সমাজের বরিশালের গৌরনদী শাখার সাধারণ সম্পাদক সুদাম পাল, সহ-সভাপতি বোরহান উদ্দিন, যুগ্ম সম্পাদক এস এম জাকির হোসেন, সুব্রত পাল, আবুল খায়ের, প্রধান শিক্ষক মন্দিরা পাল, প্রদীপ কুমার দাস সহ অন্যান্য শিক্ষক নেতৃবৃন্দ।

মোটরসাইকেলে ২, প্রাইভেটকারে

ব্যক্তিগত গাড়ির ক্ষেত্রে নেওয়া যাবে ১০ লিটার তেল। এসইউভি/জিপ/মাইক্রোবাসে ২০ থেকে ২৫ লিটার, পিকআপ/লোকাল বাসে ৭০ থেকে ৮০ লিটার, দূরপাল্লার বাস/ট্রাক/কার্ভার্ডভ্যান/কনটেইনার ট্রাকে ২০০ থেকে ২২০ লিটার জ্বালানি তেল নেওয়া যাবে। বিপিসির নির্দেশনায় বলা হয়েছে, দেশের ব্যবহৃত জ্বালানি তেলের প্রায় ৯৫ শতাংশ বিদেশ থেকে আমদানি করতে হয়। বৈশ্বিক সংকটময় পরিস্থিতিতে দেশের জ্বালানি তেলের আমদানি ব্যবস্থাপনা মাঝেমধ্যে বাধাগ্রস্ত/বিলম্বিত হয়। চলমান বৈশ্বিক সংকট পরিস্থিতিতে বিভিন্ন গণমাধ্যম/সামাজিক যোগাযোগমাধ্যমে জ্বালানি তেলের মজুত পরিস্থিতি নিয়ে নেতিবাচক সংবাদ প্রচার হওয়ায় ভোক্তা/গ্রাহকদের মধ্যে অতিরিক্ত চাহিদার প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। অতিরিক্ত চাহিদা পূরণের লক্ষ্যে ডিলারেরা বিগত সময়ের চেয়ে অতিরিক্ত পরিমাণ জ্বালানি তেল ডিপো থেকে সংগ্রহের চেষ্টা করছেন। নির্দেশনায় আরও বলা হয়, কিছু কিছু ভোক্তা ও ডিলার ফিলিং স্টেশন হতে প্রয়োজনের অতিরিক্ত জ্বালানি তেল সংগ্রহ করে অননুমোদিতভাবে মজুত করার চেষ্টা করছেন মর্মে খবর প্রকাশ হচ্ছে, যা জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং বিপিসিসহ সংশ্লিষ্ট সব কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হয়েছে। জনগণের আতঙ্ক কমানোর লক্ষ্যের কথা জানিয়ে নির্দেশনায় বলা হয়, দেশে জ্বালানি তেলের সরবরাহ স্বাভাবিক রাখার জন্য বিদেশ থেকে আমদানি কার্যক্রম/সূচি নির্ধারিত রয়েছে। নিয়মিতভাবে চালান দেশে আনা হচ্ছে। পাশাপাশি ডিলারদের সাময়িকভাবে প্রধান স্থাপনা থেকে সারা দেশের সব ডিপোতে নিয়মিতভাবে রেল ওয়াগন/ট্যাংকারের মাধ্যমে তেল পাঠানো হচ্ছে। আশা করা যাচ্ছে, স্বল্প সময়ের মধ্যে দেশে জ্বালানি তেলের বাফার স্টক (পর্যাপ্ত মজুত) গড়ে উঠবে। জ্বালানি তেল সরবরাহ গ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলী- ১. ফিলিং স্টেশন থেকে জ্বালানি তেল গ্রহণের সময় ভোক্তাকে আবশ্যিকভাবে তেলের ধরণ, পরিমাণ ও মূল্য উল্লেখ করে ক্রয় রশিদ দিতে হবে। ২. ফিলিং স্টেশন থেকে প্রতিবার জ্বালানি তেল গ্রহণের সময় পূর্ববর্তী ক্রয় রশিদ/বিলের মূল কপি জমা দিতে হবে। ৩. ডিলাররা উপরোক্ত বরাদ্দ ও নির্দেশনা অনুযায়ী ক্রয় রশিদ গ্রহণ করে ভোক্তা প্রান্তে জ্বালানি তেল সরবরাহ করবে। ৪. ফিলিং স্টেশনগুলো জ্বালানি তেলের মজুদ ও বিক্রয় সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট ডিপোতে প্রদান করে জ্বালানি তেল উত্তোলন করবে। ৫. তেল বিপণন কোম্পানিগুলো ডিলারদের জ্বালানি তেল সরবরাহ দেওয়ার পূর্বে বর্তমান বরাদ্দের আলোকে মজুদ ও বিক্রয় সংক্রান্ত তথ্য পর্যালোচনা করবে। কোনোভাবেই বরাদ্দের বেশি সরবরাহ করা যাবে না। বিজ্ঞপ্তিতে বলা হয়, দেশে সরকার নির্ধারিত মূল্যে জ্বালানি তেল ক্রয়/বিক্রয়ের বাধ্যবাধকতা রয়েছে। সংকটের অজুহাতে অতিরিক্ত মূল্য আদায় আইনগত অপরাধ। তাছাড়া দেশে জ্বালানি তেলের মূল্যে প্রতিমাসের শুরুতে সরকার কর্তৃক নির্ধারণ করা হয়। বর্তমান সংকটময় পরিস্থিতিতে দেশে জ্বালানি তেলের মূল্য বৃদ্ধির বিষয়ে সরকার অদ্যবধি কোনো সিদ্ধান্ত গ্রহণ করেনি।

চাঁদা না পেয়ে সড়কের কাজ বন্ধের

হয়েছে। কাজের দায়িত্বে থাকা ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স ধারা এন্টারপ্রাইজের প্রতিনিধি এ বি এম আওলাদ হোসেন ২ মার্চ নগরের বন্দর থানায় লিখিত অভিযোগ জমা দেন। অভিযোগে তিনি উল্লেখ করেন, মেসার্স ধারা এন্টারপ্রাইজ ও বিল্ডার্স কন্ট্রাক্টস অ্যান্ড সাপ্লায়ার ই দুই প্রতিষ্ঠান বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন-১-এর সামনে আরসিসি সড়ক নির্মাণকাজের কার্যাদেশ পেয়ে কাজ শুরু করে। কাজটি স্বাভাবিকভাবে এগিয়ে চলছিল। ১ মার্চ সকাল ১০টার দিকে ছাত্রদল নেতা আজমাইন সাকিবের নেতৃত্বে উল্লিখিত বিবাদীরা এবং অজ্ঞাতনামা ১০-১৫ জন সেখানে এসে কাজে বাধা সৃষ্টি করেন। এ সময় তাঁরা কাজের ভাগের টাকা হিসেবে চাঁদা দাবি করেন বলে অভিযোগে উল্লেখ করা হয়েছে। অভিযোগে আরও বলা হয়, চাঁদার টাকা দিতে অস্বীকার করলে বিবাদীরা ক্ষিপ্ত হয়ে নির্মাণকাজ বন্ধ করে দেন এবং ঠিকাদারকে গালাগালসহ বিভিন্ন ধরনের ভয়ভীতি ও হুমকি দেন। ছাত্রদল নেতা আজমাইন সাকিব বলেন, তিনি কেবল নিম্নমানের কাজের প্রতিবাদ করেছেন এবং মানসম্মত নির্মাণ নিশ্চিতের দাবি তুলেছেন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী হওয়া সত্ত্বেও ঠিকাদারের প্রতিনিধি আওলাদ হোসেন তাঁর ছবি তোলেন এবং নিজেকে বিএনপি পরিচয় দিয়ে তাঁকে তুলে নিয়ে যাওয়ার হুমকি দেন। এ বিষয়ে ঠিকাদারের প্রতিনিধি আওলাদ হোসেন বলেন, ‘ঘটনার দিন আমি বিশ্ববিদ্যালয়ের কাজ তদারক করছিলাম। এ সময় আজমাইন সাকিব এসে বলেন, এখানে কাজ করতে পারবেন না, ঢালাই বন্ধ করেন। বিশ্ববিদ্যালয়ে কাজ করতে হলে রড, বালু ও পাথর টেস্ট করে কাজ করতে হয়, আমি তো সেভাবেই করি।’ আওলাদ হোসেনের অভিযোগ, ছাত্রদল নেতা রেজা শরীফ এসব কাজের নেপথ্যে রয়েছেন। তাঁর নেতৃত্বেই এগুলো ঘটে। চাঁদা চাওয়ার কোনো প্রমাণ আছে কি না জানতে চাইলে আওলাদ হোসেন বলেন, ‘আমার কাছে কোনো প্রমাণ নেই। যারা চাঁদা চায়, তাদের চেনার জন্য আমি একটা ছবি তুলেছিলাম, সেটাও ছাত্রদল নেতা আজমাইন সাকিব আমার কাছ থেকে ফোন কেড়ে নিয়ে ডিলিট করে দিয়েছে।’ অভিযোগের বিষয়ে বরিশাল বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের সাবেক সভাপতি রেজা শরীফ বলেন, ‘ঠিকাদার অন্যায়ভাবে নিম্নমানের সামগ্রী ব্যবহার করলে ছাত্রদলের আজমাইন সাকিবসহ শিক্ষার্থীরা প্রতিবাদ করেন। ঠিকাদার বরিশালের বিভিন্ন নেতাদের দিয়ে আমার কাছে নালিশ করিয়েছেন। কয়েক দিন পর ক্যাম্পাসে গিয়ে দেখি, ভালো মানের পাথর ও মালামাল আনা হচ্ছে।’ তিনি তখন ঠিকাদারকে বলেন, ‘ভালো মানের পাথর, বালু ও রড দিয়ে কাজ করলে তো কেউ কাজ বন্ধ করতে আসত না, ভালো সামগ্রী দিয়ে কাজ করেন। তাঁর সঙ্গে আমার টাকাপয়সা বা চাঁদা-সম্পর্কিত কোনো কথাই হয়নি।’ বন্দর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. ইসমাইল হোসেন বলেন, ঠিকাদারের প্রতিনিধি লিখিত অভিযোগ দিয়েছেন। এতে তিনজনের নাম উল্লেখসহ অজ্ঞাতনামা ১০-১৫ ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে। তাঁদের বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগটি তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।

প্রাথমিকে উপবৃত্তির নির্দেশিকা

অধিদপ্তরের ওয়েবসাইটে এ নির্দেশিকা প্রকাশ করা হয়। উপবৃত্তির টাকা দিয়ে শিক্ষার্থীদের শিক্ষা উপকরণ, ব্যাগ, ছাতা, স্কুল ড্রেস, জুতা ও টিফিন বক্স কেনা যাবে। প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি বিতরণ কার্যক্রম সরকারের ‘জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল’ অনুযায়ী পরিচালিত হবে। নির্দেশিকায় বলা হয়েছে, প্রাক্-প্রাথমিক শ্রেণির জন্য প্রত্যেক শিক্ষার্থী মাসিক ৭৫ টাকা হারে উপবৃত্তির টাকা পাবে। প্রথম থেকে পঞ্চম শ্রেণিতে কোনো পরিবারের একজন শিক্ষার্থী অধ্যয়ন করলে মাসিক ১৫০ টাকা, দুজন শিক্ষার্থী অধ্যয়ন করলে মাসিক ৩০০ টাকা হারে উপবৃত্তির টাকা পাবে। ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণিতে যেসব সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি চালু রয়েছে, সেসব বিদ্যালয়ে কোনো পরিবারের একজন শিক্ষার্থী অধ্যয়ন করলে মাসিক ২০০ টাকা, দুজন শিক্ষার্থী অধ্যয়ন করলে মাসিক ৪০০ টাকা হারে উপবৃত্তির টাকা পাবে। পরিস্থিতি বিবেচনা করে উপবৃত্তির পরিমাণ সরকারের অনুমোদন সাপেক্ষে হ্রাস বা বৃদ্ধি করা যাবে। প্রাথমিক শিক্ষা উপবৃত্তি কার্যক্রমের আওতায় একটি পরিবারের সর্বোচ্চ দুজন শিক্ষার্থী উপবৃত্তি পাবে। প্রাক্-প্রাথমিকের জন্য ন্যূনতম বয়স চার বছর এবং প্রতি মাসে পাঠদিবসের অন্যূন ৮০ শতাংশ উপস্থিতি। প্রথম শ্রেণির জন্য প্রতি মাসে পাঠদিবসের অন্যূন ৮০ শতাংশ উপস্থিতি। দ্বিতীয় থেকে অষ্টম শ্রেণির জন্য প্রতি মাসে পাঠদিবসের অন্যূন ৮০ শতাংশ উপস্থিতি এবং পূর্ববর্তী শ্রেণির বার্ষিক পরীক্ষায় প্রতি বিষয়ে ন্যূনতম ৪০ শতাংশ নম্বর প্রাপ্তি। বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের বেলায় প্রতি বিষয়ে ন্যূনতম ৩৩ শতাংশ নম্বর প্রাপ্তির শর্ত প্রযোজ্য হবে। নতুন শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে ছাড়পত্রে শিক্ষার্থীর নম্বর প্রাপ্তির বিষয়টি উল্লেখ থাকতে হবে। প্রাক্-প্রাথমিক থেকে অষ্টম শ্রেণির জন্য শিক্ষার্থীর অনলাইন জন্ম নিবন্ধন সনদ (বাংলা ও প্রযোজ্য ক্ষেত্রে ইংরেজি) থাকতে হবে। শিক্ষার্থীর অভিভাবকের নিজস্ব জাতীয় পরিচয়পত্র দিয়ে নিবন্ধিত মুঠোফোনে খোলা সক্রিয় এমএফএস অ্যাকাউন্ট থাকতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে কোনো শিক্ষার্থী বার্ষিক পরীক্ষায় নির্ধারিত নম্বর না পেলে, সে উপবৃত্তি পাওয়ার অযোগ্য বলে বিবেচিত হবে। অথবা ধারাবাহিকভাবে তিন মাস বিদ্যালয়ে অনুপস্থিত থাকলে উক্ত শিক্ষার্থীর উপবৃত্তি প্রদান সাময়িকভাবে স্থগিত থাকবে। শিক্ষার্থী কোনো মাসে নিয়মিত উপস্থিতির শর্ত ভঙ্গ করলে উক্ত মাসের উপবৃত্তি প্রদান করা যাবে না। ওই শিক্ষার্থী পরবর্তী সময় শর্তপূরণ করলে শর্তপূরণের মাস থেকে আবার উপবৃত্তি প্রাপ্তির জন্য যোগ্য হবে। শিক্ষার্থীকে যুক্তিসংগত কারণ ছাড়া প্রতি মাসে অন্যূন ৮০ শতাংশ পাঠদিবসে উপস্থিত থাকতে হবে। যুক্তিসংগত কারণ প্রধান শিক্ষক ও সংশ্লিষ্ট উপজেলা বা থানা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার নির্ধারণ করবেন। তবে বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের উপস্থিতি ৮০ শতাংশ পাঠদিবসের কম হলে, তা প্রধান শিক্ষক ও সংশ্লিষ্ট উপজেলা বা থানা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক যুক্তিসংগত কারণ বলে বিবেচিত হলে সর্বোচ্চ ২০ শতাংশ পর্যন্ত শিথিল করতে পারবেন। প্রাকৃতিক দুর্যোগের কারণে দেশের কোনো এলাকায় শিক্ষার্থীদের বিদ্যালয়ে আসা সম্ভব না হলে, দুর্যোগের কারণে বিদ্যালয়ের পাঠদান স্থগিতকালীন উপস্থিতি দিবসগুলো উক্ত এলাকার শিক্ষার্থীদের মাসিক উপস্থিতি নির্ধারিত হারের চেয়ে কম হলেও উপজেলা বা থানা প্রাথমিক শিক্ষা অফিসারের অনুমোদনক্রমে উপবৃত্তি দেওয়া যাবে। জুন মাসের উপবৃত্তির টাকা বিতরণের ক্ষেত্রে ১০ জুন পর্যন্ত পাঠদিবসের ৮০ শতাংশ উপস্থিতির ভিত্তিতে উপবৃত্তি বিতরণ করা যাবে।

বিশ্ববাজারে তেলের কোনো ঘাটতি

তিনি। সাংবাদিকদের বিরোল বলেন, যুদ্ধের কারণে সৃষ্ট ‘লজিস্টিক্যাল বিঘ্ন’ অনেক দেশের জন্য চ্যালেঞ্জ তৈরি করছে। কিন্তু বৈশ্বিক বাজারে পর্যাপ্ত ও বিশাল পরিমাণ উদ্বৃত্ত তেল রয়েছে তেল রয়েছে। জরুরি মজুত তেল বাজারে ছাড়ার বিষয়টি আইইএ বিবেচনা করছে কি না- এমন প্রশ্নের জবাবে বিরোল বলেন, সব ধরনের বিকল্পই টেবিলে রয়েছে। তবে এই মুহূর্তে এ বিষয়ে কোনো সম্মিলিত পদক্ষেপ নেওয়ার পরিকল্পনা নেই বলেও জানান তিনি। বিরোল আরও বলেন, আমরা মূলত সাময়িক একটি বিঘ্নের মুখে পড়েছি, এটি একটি লজিস্টিক্যাল বিঘ্ন। ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যুদ্ধ ও এর জবাবে উপসাগরীয় অঞ্চলজুড়ে তেহরানের পাল্টা হামলার কারণে আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম দ্রুত বেড়ে গেছে। এতে বৈশ্বিক অর্থনীতিতে আবারও মুদ্রাস্ফীতি বাড়ার আশঙ্কা তৈরি হয়েছে। এদিকে, ইরান আনুষ্ঠানিকভাবে এখনো তেল ও গ্যাস পরিবহনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ নৌপথ হরমুজ প্রণালি বন্ধ না করলেও, হরমুজ প্রণালি দিয়ে কোনো জাহাজ চলাচলের চেষ্টা করলে তা ‘পুড়িয়ে দেওয়া হবে’ বলে হুমকি দিয়েছেন দেশটির বিপ্লবী গার্ড বাহিনীর (আইআরজিসি) এক জেনারেল। আইআরজিসির টেলিগ্রাম চ্যানেলে বুধবার (৩ মার্চ) দেওয়া এক পোস্টে জেনারেল সরদার জব্বারি বলেন, আমরা তেলের পাইপলাইনেও হামলা চালাবো ও এই অঞ্চল থেকে এক ফোঁটা তেলও বাইরে যেতে দেবো না। আগামী কয়েক দিনের মধ্যেই তেলের দাম ব্যারেলপ্রতি ২০০ ডলারে পৌঁছাবে। এই হুমকির পরে বিশ্বের মোট অপরিশোধিত তেলের প্রায় এক-পঞ্চমাংশ ও উল্লেখযোগ্য পরিমাণ গ্যাস পরিবহন হওয়া এই নৌপথ দিয়ে জাহাজ চলাচল কার্যত বন্ধ হয়ে গেছে। এদিকে সপ্তাহের শুরুতে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হরমুজ প্রণালি দিয়ে চলাচলকারী জাহাজগুলোকে সুরক্ষা দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন। এরপরও আন্তর্জাতিক বাজারে তেলের দাম উচ্চ পর্যায়েই রয়ে গেছে। সংঘাত শুরু হওয়ার আগের দিন ২৭ ফেব্রুয়ারির পর থেকে অপরিশোধিত তেলের দাম প্রায় এক-পঞ্চমাংশ বেড়ে গেছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। উল্লেখ্য, ১৯৭৩ সালের তেল সংকটের পর বড় ধরনের জ্বালানি সরবরাহ বিঘ্নের সময় আন্তর্জাতিক সমন্বিত প্রতিক্রিয়া নিশ্চিত করতে আইইএ গঠন করা হয়েছিল।

সপ্তাহ ব্যবধানে সবজির দাম

বিক্রি হচ্ছে। পেঁপে ৪০ টাকা, মিষ্টি কুমড়া ৪০ টাকা, দেশি শসা ১০০ টাকা, হাইব্রিড ৮০ ও খিরা কেজিতে ২০ টাকা কমে ৬০ টাকা কেজি দরে বিক্রি করতে দেখা গেছে। বাজারগুলোতে লেবুর দাম কমতে শুরু করেছে। এক হালি লেবু ৩০ থেকে ৬০ টাকায় বিক্রি হচ্ছে। বাজারে দেশি ধনেপাতা ১৫০ টাকা ও হাইব্রিড ধনেপাতা ৬০ থেকে ১০০ কেজি, পুদিনা পাতা ২০০ টাকা কেজি, কাঁচা কলা হালি বিক্রি হচ্ছে ৪০ টাকা, চাল কুমড়া ৫০ টাকা পিস। এসব বাজারে লাল শাক আঁটি ১০ টাকা, লাউ শাক ৪০ টাকা, কলমি শাক ২ আঁটি ৩০ টাকা, পুঁই শাক ৪০ টাকা, ডাটা শাক দুই আঁটি ৩০ টাকা, পালং শাক ২ আঁটি ৩০ টাকা দরে বিক্রি হচ্ছে। বাজারগুলোতে নতুন আলু ১৬ থেকে ১৮ টাকা, দেশি পেঁয়াজ ৩৫ টাকা ও পেঁয়াজ কলি ৩০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। এসব বাজারে সোনালি কক মুরগি কেজিতে ২০ টাকা বেড়ে ৩৪০ টাকা ও সোনালি হাইব্রিড মুরগি কেজি ৩১০ টাকা দরে বিক্রি হচ্ছে। লাল লেয়ার ৩০০ টাকা, সাদা লেয়ার ২৯০ টাকা, ব্রয়লার মুরগি কেজিতে ৩০ টাকা বেড়ে ২১০ টাকা ও দেশি মুরগি ৬৮০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। বাজারগুলোতে মাছের দাম স্থিতিশীল রয়েছে। ইলিশ ৩০০ গ্রাম ওজনের ১ কেজি মাছ ১০০০ টাকা, এক কেজি শিং মাছ চাষের (আকারভেদে) বিক্রি হচ্ছে ৩৫০ থেকে ৫৫০ টাকা, দেশি শিং ১০০০ থেকে ১২০০ টাকা, প্রতি কেজি রুই মাছের দাম বেড়ে (আকারভেদে) ৪০০ থেকে ৫৫০ টাকা, দেশি মাগুর মাছ ৮০০ থেকে ১০০০ টাকা, মৃগেল ৩৫০ থেকে ৪০০ টাকা, চাষের পাঙ্গাস ১৭০ থেকে ২০০ টাকা, চিংড়ি প্রতি কেজি ৮০০ থেকে ১৪০০ টাকা, বোয়াল মাছ প্রতি কেজি ৬০০ থেকে ৮০০ টাকা, বড় কাতল ৪০০ থেকে ৫৫০ টাকা, পোয়া মাছ ৩৫০ থেকে ৪০০ টাকা, পাবদা মাছ ৪০০ থেকে ৪৫০ টাকা, তেলাপিয়া ২০০ টাকা, কই মাছ ২০০ থেকে ২২০ টাকা, মলা ৫০০ টাকা, বাতাসি টেংরা ১৩০০ টাকা, টেংরা মাছ ৬০০ থেকে ৮০০ টাকা, কাচকি মাছ ৫০০ টাকা ও পাঁচ মিশালি মাছ ২২০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। এসব বাজারে গরুর মাংস ৮০০ টাকা, গরুর কলিজা ৮০০ টাকা, গরুর মাথার মাংস ৪৫০ টাকা, গরুর বট ৩৫০ থেকে ৪০০ টাকা ও খাসির মাংস প্রতি কেজি ১২০০ টাকায় বিক্রি হচ্ছে। বাজারগুলোতে ছোলা ৯০ থেকে ১০০ টাকা, দেশি মশুর ডাল ১৭০ টাকা, খেসারির ডাল ১০০ টাকা, অ্যাংকরের বেসন ১০০ টাকা ও বুটের ডালের বেসন ১৫০ টাকা দরে বিক্রি হচ্ছে। এসব বাজারে এক ডজন লাল ডিম বিক্রি হচ্ছে ১০০ থেকে ১১০ টাকা, হাঁসের ডিম ২০০ টাকা, দেশি মুরগির ডিমের হালি ১০০ টাকা ও সোনালি কক মুরগির ডিমের হালি ৭০ টাকায় বিক্রি করতে দেখা গেছে।

কুয়াকাটা উপকূলে ফের

বেকায়দায় পড়েছেন স্থানীয় জেলেরা। স্থানীয় সূত্রে জানা গেছে, সম্প্রতি সাগরে জাল ফেললেই মাছের পরিবর্তে ঝাঁকে ঝাঁকে জেলিফিস উঠে আসছে। এতে জেলের জাল নষ্ট হওয়ার পাশাপাশি স্বাস্থ্যঝুঁকিও তৈরি হচ্ছে। ফলে অনেক জেলে বাধ্য হয়ে সাময়িক মাছ ধরা বন্ধ রেখেছেন। কুয়াকাটা গঙ্গামতির জেলে রফিক মাঝি জানান, জাল ফেললেই মাছের বদলে জেলিফিস উঠছে। এগুলো জালে আটকে গেলে জাল ক্ষতিগ্রস্ত হয়, আবার শরীরে লাগলে চুলকানি ও জ্বালাপোড়া করে। তাই এখন অনেকেই সাগরে যেতে ভয় পায়। কুয়াকাটার মেলাপাড়া এলাকার আরেক জেলে আবুল কালাম জানান, সাগরে জাল ফেললে প্রায় পুরো জাল জেলিফিসে ভরে যায়। এতে মাছ পাওয়া যায় না, উলটো জাল পরিষ্কার করতে অনেক সময় লাগে। কয়েকদিন ধরে তাই অনেক ট্রলার সাগরে যাচ্ছে না। পটুয়াখালী জেলা মৎস্য কর্মকর্তা কামরুল ইসলামের মতে, সাগরের গভীরে অক্সিজেনের মাত্রা কমে যাওয়া, পানির তাপমাত্রা বৃদ্ধি এবং জেলিফিসভোজী কচ্ছপের সংখ্যা কমে যাওয়ায় এসবের বিস্তার বাড়ছে। এ বিষয়ে ওই কর্মকর্তারা জানান, সাগরে এ ধরনের পরিস্থিতি মৌসুমি কারণে হয়ে থাকে। দুই সপ্তাহের মধ্যে জেলিফিসের সংখ্যা কমে আসার কথা তখন মাছ ধরা স্বাভাবিক হয়ে যাবে। উল্লেখ্য, চলতি মৌসুমে আরও একবার জেলিফিসের উৎপাতে একইভাবে মাছ শিকারে বেকায়দায় পড়েছিলেন কুয়াকাটা সংলগ্ন বঙ্গোপসাগরের জেলেরা।

বরিশালে ভিডিও ছড়িয়ে মানহানির

নিজের রুমের সামনে পৌঁছালে ভেতর থেকে গালাগালির শব্দ শুনতে পান। বিষয়টি বুঝতে না পেরে দরজায় নক করলে দরজা খোলার সঙ্গে সঙ্গে কয়েকজন অজ্ঞাত ব্যক্তি তার কলার ধরে জোর করে রুমের ভেতরে টেনে নেয়। তিনি বলেন, "আমি তাদের পরিচয় জানতে চাইলে তারা কোনো উত্তর না দিয়ে উল্টো গালাগালি শুরু করে এবং তাদের একজন আমাকে চড়-থাপ্পড় মারতে থাকে।" এ সময় তিনি দেখতে পান, তাদের পেছনে দুইজন মেয়ে ও তার রুমমেট সাকিব দাঁড়িয়ে ছিলেন। শুভ আরও বলেন, পরে আরও লোকজন জড়ো হলে তারা রুম থেকে বের হয়ে বাইরে থেকে দরজা বন্ধ করে দেয়। পরিস্থিতি খারাপ দেখে তিনি পুলিশে ফোন করেন। কিন্তু পুলিশ ঘটনাস্থলে আসার পর কিছু লোকজন মব তৈরি করে এবং তাকে পুলিশের সঙ্গে স্বাভাবিকভাবে কথা বলতে দেয়নি। বরং তারা নিজেদের মতো করে ঘটনা পুলিশকে উপস্থাপন করে। তিনি অভিযোগ করেন, ঘটনার সময় কিছু ব্যক্তি মোবাইল ফোনে ভিডিও ধারণ করে একপাক্ষিকভাবে তা বিভিন্ন সাংবাদিক ও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে দেয়, যেখানে তার বক্তব্য তুলে ধরা হয়নি। পরবর্তীতে পুলিশ তাকে, তার রুমমেট ও দুই মেয়েকে থানায় নিয়ে যায়। সেখানে পুলিশের সামনে পুরো ঘটনা জানালে পুলিশ তাদের ছেড়ে দেয় বলে জানান তিনি। শাহরিয়ার শুভ দাবি করেন, এ ঘটনার পর ফেসবুকসহ বিভিন্ন অনলাইন মাধ্যমে তার বিরুদ্ধে অপপ্রচার চালানো হয়েছে, যার ফলে তার মানহানি হয়েছে। তিনি বলেন, "প্রকৃতপক্ষে এই ঘটনায় আমি নিজেই একজন ভুক্তভোগী। প্রশাসনের কাছে অনুরোধ, বিষয়টি সুষ্ঠু তদন্ত করে যারা অপপ্রচার ও হয়রানির সঙ্গে জড়িতদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।" এ সময় অপর ভুক্তভোগী দাবি করা মুনতাহা ইসলামও লিখিত বক্তব্য পাঠ করেন। তিনি বলেন, ৩ মার্চ সন্ধ্যা ৭টায় তার বান্ধবী আখি তাকে জানায় যে তার এক বন্ধু সাকিব (বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী) অসুস্থ। তাকে দেখতে যাওয়ার কথা বলে আখি তাকে সঙ্গে নিয়ে যায়। মুনতাহা ইসলাম বলেন, সেখানে তার বান্ধবী সাকিবের সঙ্গে কথা বলার সময় হঠাৎ স্থানীয় কিছু উগ্র ছেলে এসে তাদের রুমে আটকে ফেলে এবং গালাগালি করতে থাকে। এ সময় সাকিবকে মারধরও করা হয় বলে তিনি দাবি করেন। তিনি আরও বলেন, "এর মধ্যে শাহরিয়ার শুভ বাসায় এসে পরিস্থিতি দেখে তাদের কাছে বাসায় ঢোকার কারণ জানতে চাইলে তারা কোনো কথা না বলে শুভ ভাইকে মারধর শুরু করে।" পরবর্তীতে আরও লোকজন জড়ো হলে তারা রুম থেকে বের হয়ে বাইরে থেকে দরজা আটকে দেয়। পরে শুভ পুলিশে ফোন করে সাহায্য চান। এ সময় বাইরে থাকা কয়েকজন ভিডিও ধারণ করে ঘটনাকে ভিন্নভাবে উপস্থাপন করে গণমাধ্যমে প্রচার করে বলে অভিযোগ করেন তিনি। মুনতাহা ইসলাম দাবি করেন, এ ঘটনায় তিনি সম্পূর্ণ নির্দোষ হলেও সামাজিক যোগাযোগমাধ্যমে তার বিরুদ্ধে অপপ্রচার চালানো হয়েছে, যা তার মানহানির কারণ হয়েছে। তিনি এ ঘটনার সুষ্ঠু তদন্ত ও বিচার দাবি করেন।

সাগরে অবৈধ ৩ ট্রলিং জাহাজে

অদূরে সাগর এলাকায় টহল পরিচালনা করছিল। এ সময় তিনটি ট্রলার অবৈধভাবে ট্রলিং জাল ব্যবহার করে মাছ শিকার করছে এমন তথ্যের ভিত্তিতে অভিযান চালানো হয়। পরে ট্রলার তিনটিতে তল্লাশি চালিয়ে ৩৭ জন জেলেকে আটক করা হয় এবং তাদের ব্যবহৃত ট্রলার ও মাছ জব্দ করা হয়। আটক ট্রলারগুলো হলো- এফবি মায়ের দোয়া- ২৭, এফবি সীমা এবং এফবি আসমা। ট্রলারগুলোর মালিক মো. আনসার উদ্দিন খান, মোহাম্মদ জামাল ও মোহাম্মদ হারেস। ট্রলার মালিক ও আটক জেলেদের সবার বাড়ি বরগুনার পাথরঘাটা উপজেলার বিভিন্ন ইউনিয়নে বলে জানা গেছে। মংলা উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা মো. জাহিদুল ইসলাম বলেন, কোস্ট গার্ড অভিযান চালিয়ে আটক জেলে ও ট্রলার তিনটি বৃহস্পতিবার (৫ মার্চ) মংলা থানা পুলিশের কাছে হস্তান্তর করেছে। ট্রলারগুলোতে থাকা মাছ আদালতের নির্দেশনা অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। বরগুনা জেলা মৎস্যজীবী ট্রলার মালিক সমিতির সভাপতি গোলাম মোস্তফা চৌধুরী শুক্রবার (৬ মার্চ) জানান, মোংলা থানা পুলিশ আটক জেলেদের আদালতে সোপর্দ করলে আদালত তাদের জেলহাজতে পাঠানোর নির্দেশ দিয়েছেন। ট্রলিং জাহাজের মালিক মো. হারেস জানান তারা অবৈধভাবে মাছ শিকার করছিলেন না। পাথরঘাটার মৎসজীবিরা জানান, অবৈধ ট্রলিং যা কাঠের তৈরী বডিতে বেহুন্দী জালের মত জাল স্থাপন করে অগভীর উপকূলের মাটি ঘেঁষে মাছ ধরা হয়। তাতে মছের আবাস্থল ও প্রজনন স্থলের বিনাশ ঘটে। মৎস্য আইনে অবৈধ ছোট ফাঁসের জাল ব্যবহার করে। এ কারণে সাগরের সামুদ্রিক সম্পদ হুমকির মুখে পড়ছে এবং ছোট মাছসহ নানা প্রজাতির মাছ ধ্বংস হচ্ছে। কোস্ট গার্ড ও মৎস্য বিভাগ নিয়মিত অভিযান চালিয়ে এমন অবৈধ কার্যক্রম দমনে কাজ করছে। পাথরঘাটা উপজেলা সিনিয়র মৎস কর্মকর্তা হাসিবুল হক জানান, জেলেদের একটি অংশের অভিযোগ জীবিকার তাগিদে অনেক সময় ঝুঁকি নিয়েই তারা সাগরে মাছ ধরতে যান। সামুদ্রিক সম্পদ রক্ষায় অবৈধ ট্রলিংয়ের বিরুদ্ধে অভিযান আরো জোরদার করা হবে।

প্রতিদিন দুই শতাধিক অসহায় পান

ইফতার কর্মসূচি নয়, বরং একটি পূর্ণাঙ্গ মানবিক আয়োজন। অনেকেই তাদের প্রয়াত বাবা-মায়ের নামে কিংবা ব্যক্তিগত উদ্যোগে একদিনের ইফতারের ব্যবস্থা করছেন। পুরো অর্থায়ন আসে বিভিন্ন বিত্তবান ও শুভানুধ্যায়ীদের স্বতঃস্ফূর্ত সহযোগিতা থেকে। সম্মিলিত এই অংশগ্রহণেই টিকে আছে মানবিকতার এই অনন্য দৃষ্টান্ত। রিকশাচালক মিলন মিয়া বলেন, প্রতিদিন রাস্তার পাশে এমন আয়োজনে অংশ নিতে ভালো লাগে। এখানের পরিবেশ সুন্দর, খাবারের আইটেমও বেশি। যারা এই আয়োজন করছেন, আল্লাহ তাদের উত্তম প্রতিদান দিন। পথচারী লোকমান হোসেন জানান, সব সময় ইফতার কিনে খেতে পারি না। এখানে আমাদের জন্য ইফতার সাজিয়ে রাখে। আমরা পাশ দিয়ে গেলে ডাক দেয়। অনেক ধরনের খাবার থাকে। আমরা অনেক খুশি। দিনমজুর বারেক খাঁ বলেন, প্রতিদিন শহরে কাজ শেষে বাড়ি ফেরার পথে এখানে ইফতার করি। ছোলা, মুড়ি, পেঁয়াজু, শরবত, খেজুরসহ নানা আইটেম থাকে যা টাকা দিয়ে কিনে খাওয়া কঠিন। রোজাদারদের সম্মানে যে আয়োজন, তা সত্যিই ভালো লাগে। সংগঠনটির সহ-সভাপতি সাইদুর রহমান রাব্বি বলেন, বিভিন্ন বিত্তবান মানুষের সহযোগিতায় দীর্ঘ পাঁচ বছর ধরে আমরা এই ইফতার আয়োজন করে আসছি। প্রতিদিন দুই শতাধিক রোজাদারের জন্য ব্যবস্থা থাকে। পথচারী, দিনমজুর, রিকশাচালকসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ এখানে এসে ইফতার করেন। তিনি বলেন, আমাদের এই আয়োজনে পটুয়াখালী পৌরসভাও সহযোগিতা করছে। ইফতারের পর জামাতে নামাজের ব্যবস্থাও রয়েছে। আমাদের সংগঠন সব সময় প্রান্তিক মানুষের পাশে দাঁড়াতে কাজ করে যাচ্ছে।

ঢাবিতে মাদ্রাসা শিক্ষার্থীদের অধিকার আন্দোলনে

সমালোচনার মুখে ২০১৩ সালে সর্বপ্রথম দাখিল ও আলিমে ২০০ নম্বরের বাংলা এবং ইংরেজি মাদ্রাসা সিলেবাসভুক্ত করে মাদ্রাসা বোর্ড। এরপর থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সব বিষয়ে পড়ার সুযোগ পান মাদ্রাসার শিক্ষার্থীরা। ২০০৮-২০০৯ সালের দিকে হাদি ঝালকাঠির বিখ্যাত শিক্ষাপ্রতিষ্ঠান ঝালকাঠি এন এস কামিল মাদ্রাসার আলিম পড়ুয়া শিক্ষার্থী ছিলেন। সেখান থেকে ২০০৯ সালে আলিম ও ২০০৭ সালে দাখিল সম্পন্ন করেন তিনি। এরপর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১০-১১ শিক্ষাবর্ষে রাষ্ট্রবিজ্ঞান বিভাগে ভর্তি হয়ে অনার্স-মাস্টার্স শেষ করেন হাদি। হাদির বোন মাসুমা হাদি তার ব্যক্তিগত ফেসবুক অ্যাকাউন্টে ছবিটি যুক্ত করে লিখেন, 'ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যখন মাদ্রাসা শিক্ষার্থীদের জন্য নির্দিষ্ট কিছু বিভাগ যেমন- বাংলা, ইংরেজি ও আইন বিষয়ে ভর্তি নিষিদ্ধ করার নীলনকশায় লিপ্ত হয়, তখন আমার ভাই (ওসমান বিন হাদি) ঝালকাঠি এন এস কামিল মাদ্রাসায় আলিম শ্রেণিতে (ইন্টার) অধ্যয়নরত অবস্থায় সহপাঠীদের নিয়ে উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে বিক্ষোভ মিছিল করেন। পাশাপাশি তিনি ডিসি অফিসে স্মারকলিপি প্রদান করেন।' ছবিতে দেখা যায়, হাদির নেতৃত্বে মাদ্রাসার একদল শিক্ষার্থী বিক্ষোভে অংশ নেন। এসময় হাদিকে হাত উঁচিয়ে স্লোগান দিতে দেখা যায়। বাংলাদেশ জমিয়তে তোলাবায়ের ব্যানারে লেখা ছিল 'ঢাবির বিভিন্ন বিভাগের মাদ্রাসা শিক্ষার্থীদের ভর্তি বন্ধের প্রতিবাদে' বিক্ষোভ সমাবেশ। স্থান ঝালকাঠি এন এস কামিল মাদ্রাসা ক্যাম্পাস।

সব হারিয়েছে ইরান, স্থল অভিযান

আরাঘচির। তবে সেই 'এন্ড গেম' খেলা সময়ের অপচয় বলে মন্তব্য করেছেন ডোনাল্ড ট্রাম্প। মার্কিন গণমাধ্যম এনবিসি নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি দাবি করেছেন, ইরান এরই মধ্যে তার সামরিক সক্ষমতার প্রায় সবকিছু হারিয়ে ফেলেছে। ইরানি পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচির মন্তব্যের প্রতিক্রিয়ায় ট্রাম্প বলেন, স্থল অভিযান নিয়ে কথা বলা সময়ের অপচয়। তারা (ইরান) সবকিছু হারিয়েছে। তারা তাদের নৌবাহিনী হারিয়েছে। হারানোর মতো আর কিছুই তাদের অবশিষ্ট নেই। ইরানের ভবিষ্যৎ নেতৃত্ব নিয়ে ট্রাম্প বলেন, আমরা ইরানে গিয়ে সবকিছু পরিষ্কার করে দিতে চাই। আমরা এমন কাউকে চাই না যে পুনর্গঠন করতে ১০ বছর সময় নেবে। আমরা চাই তাদের একজন ভালো নেতা থাকুক। আমাদের নজরে এমন কিছু মানুষ আছেন যারা এই কাজটি খুব ভালোভাবে করতে পারবেন। তবে তিনি নির্দিষ্ট কোনো নাম উল্লেখ করেননি। এর আগে বৃহস্পতিবার (৫ মার্চ) ইরানি পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি এনবিসি নিউজকে বলেন, মার্কিন বা ইসরায়েলি বাহিনী যদি ইরানে স্থল অভিযান চালানোর চেষ্টা করে, তবে তা হবে একটি বিশাল বিপর্যয়। তিনি আত্মবিশ্বাসের সাথে বলেন, আমরা তাদের মোকাবিলা করতে সক্ষম। আমরা তাদের জন্য অপেক্ষা করছি। মার্কিন বাহিনীর দাবি অনুযায়ী, গত কয়েক দিনের অভিযানে ইরানের ৩০টিরও বেশি যুদ্ধজাহাজ ডুবিয়ে দেওয়া হয়েছে। মার্কিন সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) জানিয়েছে, বি-২ বোম্বারের হামলায় ইরানের ব্যালিস্টিক মিসাইল সক্ষমতা ৯০ শতাংশ হ্রাস পেয়েছে। গত ২৮ ফেব্রুয়ারি থেকে শুরু হওয়া হামলায় ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনিসহ ৯৫০ জনের বেশি মানুষের মৃত্যু হয়েছে বলে জানা গেছে। এর মধ্যে মিনাবের স্কুলে হামলার ঘটনায় ১৬৮ ছাত্রী নিহতের ঘটনাও রয়েছে।

দীর্ঘমেয়াদি যুদ্ধের জন্য প্রস্তুত, নতুন

কিছু নতুন অস্ত্র আগে থেকেই তুলে রাখা হয়েছে। বৃহস্পতিবার এক বিবৃতিতে তিনি বলেন, "ইরান দীর্ঘমেয়াদি যুদ্ধের জন্য প্রস্তুত। এজন্য নতুন অস্ত্রও আমরা আলাদাভাবে তুলে রেখেছি। সেসব এখনও বড় মাত্রায় ব্যবহার করা হয়নি। নতুন অস্ত্রগুলো শত্রুদের গুরুতর এবং যন্ত্রণাদায়ক প্রত্যাঘাত করবে। বর্তমানে সেগুলো পাইপলাইনে আছে, যথাসময়ে ব্যবহার করা হবে।" বৃহস্পতিবার প্রথমবারের মতো ইসরায়েলকে লক্ষ্য করে নিজেদের ক্লাস্টার ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র খাইবার নিক্ষেপ করে ইরান। তারপরেই এ বিবৃতি দেন ব্রিগেডিয়ার জেনারেল নাইনি। ইরানের পরমাণু প্রকল্প নিয়ে গত ৬ ফেব্রুয়ারি থেকে ২৭ ফেব্রুয়ারি পর্যন্ত ২১ দিন ধরে সংলাপ চলে তেহরান এবং ওয়াশিংটনের মধ্যে। ২৭ ফেব্রুয়ারি কোনো প্রকার সমঝোতা চুক্তি ছাড়াই শেষ হয় সেই সংলাপ। তার পরের দিন ২৮ ফেব্রুয়ারি ইরানে 'অপারেশন এপিক ফিউরি' শুরু করে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনী। ওয়াশিংটনের সঙ্গে তাল মিলিয়ে একই সময়ে ইরানে সামরিক অভিযান 'অপারেশন রোয়ারিং লায়ন' শুরু করে ইসরায়েলও। গত ৭ দিন ধরে যুদ্ধ চলছে এবং হামলার পাল্টা জবাব হিসেবে ইসরায়েল ও মধ্যপ্রাচ্যের মার্কিন সেনাঘাঁটিগুলোতে দফায় দফায় ড্রোন-ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করছে ইরান। ইসরায়েল এবং ইরানের সঙ্গে এর আগে ২০২৫ সালের জুন মাসে ১২ দিনব্যাপী সংঘাত হয়েছিল। বিবৃতিতে ব্রিগেডিয়ার জেনারেল নাইনি বলেছেন সেই সংঘাতের তুলনায় এবারের যুদ্ধে ইরানের অস্ত্রভাণ্ডার আরও বেশি সমৃদ্ধ।

মালয়েশিয়ায় বাংলাদেশি যুবককে

হবে বলেও পোস্টে জানানো হয়। এই অভিযানে সহযোগিতার জন্য মালয়েশিয়া সরকারসহ যুক্তরাষ্ট্রের স্থানীয় অংশীদারদের ধন্যবাদ জানিয়েছেন এফবিআইয়ের পরিচালক। এদিকে যুক্তরাষ্ট্রের বিচার বিভাগের ওয়েবসাইটে প্রকাশিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আন্তর্জাতিক শিশু যৌন নিপীড়ন চক্র পরিচালনার অভিযোগে ৫ মার্চ আলাস্কার ডিস্ট্রিক্ট আদালতে এক বাংলাদেশিকে হাজির করার সময় নির্ধারণ করা হয়েছে। নিউ স্ট্রিট টাইমসের প্রতিবেদনে বলা হয়, ২০২২ সালের জুলাইয়ে যুক্তরাষ্ট্রের একটি ফেডারেল গ্র্যান্ড জুরি জোবাইদুল আমিনের বিরুদ্ধে অভিযোগ গঠন করে। অভিযোগে বলা হয়, আলাস্কাসহ যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্থান এবং বিদেশে শত শত শিশুকে যৌন নিপীড়নের সঙ্গে সম্পর্কিত কর্মকাণ্ডে তার সম্পৃক্ততা রয়েছে। অভিযোগ অনুযায়ী, জোবাইদুল ইনস্টাগ্রাম, স্ন্যাপচ্যাটসহ বিভিন্ন সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহার করে অপ্রাপ্তবয়স্কদের খুঁজে বের করতেন। পরে তাদের দিয়ে যৌন উস্কানিমূলক ছবি ও ভিডিও তৈরি করতে বাধ্য করা হতো। যুক্তরাষ্ট্রে অভিযোগ আনার আগে জোবাইদুল মালয়েশিয়ায় বসবাস করছিলেন এবং সেখানে চিকিৎসাশাস্ত্রে পড়াশোনা করছিলেন। ২০২২ সালের সেপ্টেম্বরে মালয়েশিয়ার অ্যাটর্নি জেনারেলের কার্যালয়ও তার বিরুদ্ধে শিশু পর্নোগ্রাফি সংরক্ষণ ও তৈরির অভিযোগে মামলা করে। জোবাইদুলের বিরুদ্ধে তদন্ত ও গ্রেফতারের বিষয়ে এফবিআই এবং যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ মালয়েশিয়ার সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয় করে কাজ করে আসছিল। সর্বশেষ ৪ মার্চ তাকে মালয়েশিয়া থেকে যুক্তরাষ্ট্রের আলাস্কায় নিয়ে যাওয়া হয়। অভিযোগ প্রমাণিত হলে জোবাইদুল আমিনের ২০ বছর থেকে যাবজ্জীবন কারাদণ্ড হতে পারে বলে জানিয়েছে যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ।

জুমার দিন ইরানি ক্ষেপণাস্ত্রে

আগুন নিয়ন্ত্রণে কাজ করছে। সংবাদ সংস্থা এএফপি জানিয়েছে, তেলআবিবের উপকণ্ঠে একটি ভবনে ক্ষেপণাস্ত্র বা প্রজেক্টাইল আঘাত হানার পর সেখানকার বাসিন্দাদের দ্রুত সরিয়ে নেওয়া হয়। এর আগে লেবাননের রাজধানী বৈরুতের দক্ষিণাঞ্চলে বড় ধরনের হামলা চালায় ইসরায়েলি বাহিনী। ওই হামলার পরই তেলআবিব লক্ষ্য করে ইরান ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে বলে ধারণা করা হচ্ছে। ইরানের রাষ্ট্রীয় সম্প্রচারমাধ্যম দাবি করেছে, তেলআবিবের কেন্দ্রস্থলের বিভিন্ন লক্ষ্যবস্তুতে ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করা হয়েছে। অন্যদিকে ইসরায়েলের সামরিক বাহিনী জানিয়েছে, তারা আকাশে আসা ক্ষেপণাস্ত্র প্রতিহত করার চেষ্টা চালিয়ে যাচ্ছে।

হলুদ সরিষা ক্ষেতে বাম্পার

অফিস সূত্রে জানা গেছে, উপজেলা পাঁচটি ইউনিয়নে চলতি মৌসুমে সরিষা আবাদে লক্ষ্যমাত্রা প্রায় ৬৮ হেক্টর জমি। কৃষি প্রনোদনা কর্মসূচির আওতায় কৃষকদের মধ্যে বিনামূল্যে উচ্চ ফলনশীল জাতের সরিষা বিতরণ করা হয়েছে। এরমধ্যে বিনা সরিষা ৯ ও বিনা সরিষা ১১ জাতের আবাদ বেশি হয়েছে। উপজেলার সদর ইউনিয়নের কেউন্দ্রিয়া গ্রামের কৃষক মোঃ মামুন জানান, ভোজ্য তেলের দাম বেশি থাকায় নিজেদের চাহিদা মেটানো ও বাজারে বিক্রির উদ্দেশ্যে ৩৩ শতাংশ জমিতে বিনা সরিষা ১১ জাতের সরিষা চাষ করা হয়েছে। ফলন ভালো হওয়ায় লাভ বেশি হওয়ার আশা করছি। হোগলা গ্রামের কৃষক লাকি হাওলাদার বলেন, অনুকূল আবহাওয়ার কারণে এ বছর সরিষা গত বছরের তুলনায় বেশি হবে বলে আশা করছি। উপজেলা কৃষি অফিসার সোমা রানী দাস জানান, এ বছর কাউখালী উপজেলায় মোট ৬৬ হেক্টর জমিতে বিনা সরিষা ৯ ও বিনা সরিষা ১১ আবাদ হয়েছে। যার ফলন হয়েছে প্রায় ১২০ মেট্রিক টন। যা থেকে প্রায় ৫০ মেট্রিক টন তেল উৎপাদন হবে।

ফেব্রুয়ারিতে সড়কে

ফেব্রুয়ারি মাসে সড়কপথে দুর্ঘটনার পাশাপাশি রেলপথে ৩৪টি দুর্ঘটনায় ২৬ জন নিহত ও ১১ জন আহত হয়েছেন। এছাড়া নৌপথে ৬টি দুর্ঘটনায় ৪ জন নিহত এবং ৫ জন আহত হয়েছেন। সড়ক, রেল ও নৌপথের এসব দুর্ঘটনার খবর জাতীয়, আঞ্চলিক ও অনলাইন সংবাদপত্রের প্রতিবেদন মনিটরিং করে তৈরি করেছে সংগঠনটির 'দুর্ঘটনা মনিটরিং সেল'। মাসের সড়ক দুর্ঘটনাগুলোর মধ্যে ১৫১টি ছিল মোটরসাইকেল কেন্দ্রিক। এতে ১৬৭ জন নিহত ও ১৩৭ জন আহত হয়েছেন, যা মোট দুর্ঘটনার ৩৩ দশমিক ৭০ শতাংশ। বিভাগভিত্তিক হিসাবে সবচেয়ে বেশি সড়ক দুর্ঘটনা ঘটেছে ঢাকা বিভাগে, যেখানে ১১৩টি দুর্ঘটনায় ১১৫ জন নিহত ও ৩৮৭ জন আহত হয়েছেন। বিপরীতে সবচেয়ে কম দুর্ঘটনা ঘটেছে বরিশাল বিভাগে, সেখানে ২২টি দুর্ঘটনায় ১৯ জন নিহত ও ৮৫ জন আহত হয়েছেন। সড়ক দুর্ঘটনায় প্রাণ হারানো ব্যক্তিদের মধ্যে ৩ জন পুলিশ সদস্য, ৩ জন সেনা সদস্য, ১ জন ফায়ার সার্ভিস সদস্য, ২ জন আনসার সদস্য, ২ জন বীর মুক্তিযোদ্ধা, ৮৫ জন বিভিন্ন পরিবহনের চালক, ৭২ জন পথচারী, ৪৩ জন নারী, ৪১ জন শিশু, ৪৭ জন শিক্ষার্থী, ১২ জন পরিবহন শ্রমিক, ৪ জন শিক্ষক এবং ৫ জন বিভিন্ন রাজনৈতিক দলের নেতাকর্মী রয়েছেন। এছাড়া আক্রান্তদের মধ্যে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য, সাংবাদিকসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের পরিচয় মিলেছে। ফেব্রুয়ারি মাসে সড়ক দুর্ঘটনার উল্লেখযোগ্য কারণ হিসেবে যাত্রী কল্যাণ সমিতি সড়ক পরিবহন সেক্টর পরিচালনায় অনভিজ্ঞতা, আমলাতান্ত্রিক জটিলতা এবং নীতি ও কৌশলগত দুর্বলতাকে চিহ্নিত করেছে। একই সঙ্গে অনিয়ন্ত্রিত ব্যাটারিচালিত অটোরিকশা ও মোটরসাইকেলের অবাধ চলাচল, মহাসড়কে রোড সাইন বা বাতির অভাব, ট্রাফিক আইন অমান্য করা, ফিটনেসবিহীন যানবাহন এবং বেপরোয়া গতিতে গাড়ি চালানোকে দুর্ঘটনার মূল কারণ হিসেবে উল্লেখ করা হয়েছে। দুর্ঘটনা প্রতিরোধে সংগঠনটি উন্নত বিশ্বের আদলে ট্রাফিক আইন প্রয়োগ, দক্ষ চালক তৈরির প্রশিক্ষণ, মহাসড়কে সার্ভিস লেন ও ফুটপাত নিশ্চিত করা, সিসি ক্যামেরা পদ্ধতিতে ট্রাফিক ব্যবস্থা পরিচালনা এবং প্রধানমন্ত্রীর নেতৃত্বে একটি বিশেষজ্ঞ টাস্কফোর্স গঠনের সুপারিশ করেছে। এছাড়া গণপরিবহনের আধুনিকায়ন এবং নিয়মিত রোড সেফটি অডিটের ওপর বিশেষ জোর দিয়েছে সংগঠনটি।

পুলিশের অভিযানে গাঁজার গাছ

গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করে অবৈধ্য মাদক ব্যবসায়ী জুলহাসান ওরফে জুলহাস (৫০) কে ২৫০ (দুইশত পঞ্চাশ) গ্রাম অবৈধ মাদকদ্রব্য গাঁজা এবং গাঁজা বিক্রির নগদ ৫৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা'সহ গ্রেফতার করা হয়। পরে আসামীর দেওয়া তথ্যমতে একইদিনে ১২ টা ৫ মিনিটের সময় মানিকার হাট বাজার মসজিদের সামনে জুলহাসান ওরফে জুলহাস এর রবি শস্য ক্ষেতের ভিতর থেকে ০৫ (পাঁচ)টি গাঁজা গাছ আসামীর নিজ হাতে উত্তোলন পূর্ব প্রাপ্ত হইয়া জব্দ করা হয়। গ্রেফতারকৃত আসামী: মোঃ জুলহাসান ওরফে জুলহাস (৫০), বড় মানিকা ০৩নং ওয়ার্ডের মৃত কয়ছর হাওলাদারের ছেলে। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

বরিশালে জমে উঠেছে কোটি

আর তুলনামূলক সাশ্রয়ী দাম থাকায় ক্রেতারাও এসব দোকানে হুমড়ি খেয়ে পড়ছেন। জুম্মান নামের এক ক্রেতা জানান, এবার পদের সংখ্যা বেশি হওয়ায় বাছাই করার সুযোগ যেমন আছে, তেমনি সাধ্যের মধ্যে পছন্দের খাবারটিও সহজে খুঁজে পাওয়া যাচ্ছে। মামুন নামের আরেক ক্রেতা বলেন, 'খাবারের মান ও দাম বিগত বছরগুলোর মতোই রয়েছে।' পরিবারের সদস্যদের জন্য ইফতার কিনতে আসা নাসরিন আক্তার বলেন, 'রমজানের ইফতারে ব্যতিক্রম সব খাবারের আয়োজন থাকলেও হাতেগোনা কয়েকটি রেস্তোরাঁ স্বাস্থ্যবিধি মেনে খাবার তৈরি করছে। যেগুলো থেকে বিশ্বস্ততার সঙ্গে খাবার কেনা যায়।' মহানগরীর বগুড়া রোডের নাজেম রেস্তোরাঁর মালিক রেজা বলেন, 'প্রতি বছরের মতো এবারও একাধিক পদের খাবারের পসরা রয়েছে ইফতারে। ক্রেতাদের চাহিদা ও স্বাস্থ্যের কথা মাথায় রেখে গুণগত মান ও দাম সাধ্যের মধ্যেই রাখা হয়েছে।' রেস্তোরাঁ ব্যবসায়ী সমিতি বরিশালের তথ্যমতে, ঐতিহ্য ও আধুনিক খাবারের মিশেলে গোটা রমজানজুড়ে বরিশালে কয়েক কোটি টাকার ইফতার কেনাবেচা হবে। ইফতারের বাজার জমজমাট হলেও খাবারের মান নিয়ে সতর্ক রয়েছে প্রশাসন। জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতরের বরিশাল বিভাগীয় উপপরিচালক অপূর্ব অধিকারী জানিয়েছেন, 'ইফতারের মান নিয়ন্ত্রণে তারা সর্বদা কাজ করে যাচ্ছেন। ভেজাল খাবার রোধে নিয়মিত অভিযানও পরিচালিত হচ্ছে।' তিনি আরও বলেন, 'কোনো ব্যবসায়ী জিলাপিতে হাইড্রোজ ও কাবাবে ক্ষতিকর রং মেশাচ্ছেন কি না, সে বিষয়গুলো কঠোর তদারকির মধ্যে রাখা হচ্ছে।'

সুগন্ধি ও ব্লাস্ট প্রতিরোধী

এ রোগ মোকাবিলায় 'বিনা ধান ২৭' দেশের প্রথম ব্লাস্ট রোগ প্রতিরোধী উচ্চফলনশীল আমন ধান হিসেবে স্বীকৃতি পেয়েছে। উদ্ভিদ প্রজননবিদরা এতে পিআই নাইন ও পিশ নামক দুটি কার্যকর প্রতিরোধী জিন সংযোজন করেছেন, যা ব্লাস্ট রোগের ক্ষতি উল্লেখযোগ্য হারে কমিয়ে আনবে। বিনার উদ্ভিদ প্রজনন বিভাগের প্রধান ড. ফাহমিনা ইয়াসমীন বিনা ধান ২৭ সম্পর্কে জানান, ১২০ থেকে ১২৫ দিনের জীবনকাল সম্পন্ন এই জাতটির গাছের উচ্চতা ৯৫ থেকে ১০০ সেন্টিমিটার, ফলে ঝড়ো হাওয়ায় সহজে হেলে পড়ে না। প্রতিকূলতা জয় করে হেক্টরপ্রতি গড় ফলন ৬ থেকে ৬ দশমিক ৫ টন এবং অনুকূল পরিবেশে তা ৭ টন পর্যন্ত পাওয়া সম্ভব। প্রচলিত জাতের তুলনায় এটি হেক্টরপ্রতি প্রায় এক থেকে আড়াই টন বেশি উৎপাদন দিতে সক্ষম। এছাড়া নিয়মিত ভাতভিত্তিক খাদ্যাভ্যাসে পুষ্টির ঘাটতি পূরণেও এটি কার্যকর ভূমিকা রাখবে। অন্যদিকে বিনা ধান ২৮ সম্পর্কে ড. ফাহমিদা জানান, আমন মৌসুমে চাষাবাদের জন্য সুগন্ধি ও মাঝারি চিকন চালের নতুন জাত 'বিনা ধান ২৮' কৃষকের মাঝে দারুণ সাড়া ফেলতে পারে। মার্কার অ্যাসিস্টেড ব্যাকক্রসিং পদ্ধতিতে উদ্ভাবিত এই ধানের প্রতি কেজিতে জিংকের পরিমাণ ২৪ দশমিক ৮৩ মিলিগ্রাম। শিশুদের বুদ্ধিবৃত্তিক বিকাশ ও গর্ভবতী নারীদের পুষ্টি চাহিদা মেটাতে এই জিংকসমৃদ্ধ চাল হতে পারে আশীর্বাদ।' ওই বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. মাহমুদুল হাসান বিনা ধান ২৮ সম্পর্কে জানান, বিনা ধান ২৮ উন্নত সংকরায়ন ও মার্কার এসিস্টেড ব্যাকক্রসিং পদ্ধতিতে উদ্ভাবিত একটি উচ্চ ফলনশীল, সুগন্ধি ও মাঝারি চিকন চালবিশিষ্ট আমন ধানের জাত। আমরা বিশ্বাস করি, এটি কৃষক ও ভোক্তা উভয়ের জন্য অত্যন্ত সম্ভাবনাময় করে তুলবে এবং দেশের খাদ্য ও পুষ্টি নিরাপত্তায় নতুন দিগন্ত উন্মোচন করবে। তিনি আরও বলেন, এই ধানের জীবনকাল ১২০-১২৫ দিন এবং গড় ফলন হেক্টরপ্রতি ৬ দশমিক ৫ টন। চালের অ্যামাইলোজ ২৭ দশমিক ৪২ শতাংশ হওয়ায় ভাত ঝরঝরে ও সুস্বাদু হয়। সুগন্ধি হলেও এই জাত চাষে বাড়তি কোনো ব্যবস্থাপনার প্রয়োজন নেই, যা উৎপাদন খরচ কমাবে। বাজারে এই জাতের চাল 'গরিবের পোলাও' হিসেবে জনপ্রিয়তা পেতে পারে। বিনার মহাপরিচালক ড. মো. শরিফুল হক ভূঞা বলেন, বিনা ধান ২৮ দেশের সর্বোচ্চ উচ্চফলনশীল সুগন্ধি আমন জাত হিসেবে কৃষি খাতে একটি যুগান্তকারী সংযোজন। আলোক অসংবেদনশীলতা, উচ্চ ফলন, পুষ্টিগুণ ও সুগন্ধ সব মিলিয়ে এটি কৃষকের আয় বৃদ্ধি, ভোক্তার পুষ্টি নিশ্চিতকরণ এবং সুগন্ধি চালের বাজারে ঘাটতি পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

নেপালে সরকার গঠন

জানিয়েছিলেন নেপালের তরুণ প্রজন্মের সিংগভাগ। বালেন্দ্রের দলের চেয়ারম্যান হলেন সাবেক উপ-প্রধানমন্ত্রী রবি লামিছানে। লামিছানে একজন সাবেক টেলিভিশন সাংবাদিক, যিনি তার লাইভ শোতে দুর্নীতিগ্রস্ত কর্মকর্তাদের বিরুদ্ধে সরাসরি কথা বলার জন্য ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছিলেন। জানা গেছে, বালেন্দ্র ঝাপা-৫ আসনে এগিয়ে রয়েছেন, যেখানে তার মূল প্রতিদ্বন্দ্বী অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী তথা কমিউনিস্ট পার্টি অব নেপালের (ইউএমএল) প্রধান কেপি শর্মা ওলি। প্রাথমিক গণনায় দেখা যাচ্ছে, ওলির দল নির্বাচনে বিশেষ ছাপ ফেলতে পারেনি। হিমালয়ের কোলঘেঁষা এই দেশে যে ১৬৫টি আসনে প্রত্যক্ষ নির্বাচন হচ্ছে, তার ৮টিতে এগিয়ে রয়েছে ওলির দল। আর বালেন্দ্রের আরএসপি এগিয়ে রয়েছে ৯০টি আসনে। অন্যদিকে, নেপালের সবচেয়ে পুরনো দল গগন থাপার নেপালি কংগ্রেস এগিয়ে রয়েছে ৯টি আসনে। নেপালের আর এক সাবেক প্রধানমন্ত্রী পুষ্পকমল দাহাল ওরফে প্রচণ্ডের দল এগিয়ে রয়েছে সাতটি আসনে। প্রচণ্ড নিজে রুকুম পূর্ব-১ কেন্দ্র থেকে এগিয়ে রয়েছেন। দ্বিতীয় স্থানে রয়েছেন নেপালি কংগ্রেসের প্রার্থী। আর অন্য দলগুলো এখন পর্যন্ত পেয়েছে দুটি আসন। গত সেপ্টেম্বর মাসে জেন-জি অভ্যুত্থানের জেরে নেপালে পতন হয়েছিল প্রধানমন্ত্রী ওলির সরকারের। তিন দিন পরে দেশটির সাবেক প্রধান বিচারপতি সুশীলা কার্কী অন্তর্বর্তী সরকারের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন। বিভিন্ন স্তরে আলাপ-আলোচনা শেষে নির্বাচন কমিশন ৫ মার্চ পার্লামেন্ট নির্বাচনের দিন ঘোষণা করেছিল। সেইমতো বৃহস্পতিবার (৫ মার্চ) নেপালে সাধারণ নির্বাচন হয়। লড়াইয়ে ছিল ৬৫টি রাজনৈতিক দল। সেপ্টেম্বরে নেপালের জেন-জি অভ্যুত্থানেরে মুখে ওলি সরকারের পতনের পর অনেকেই এর মধ্যে বাংলাদেশের প্রভাব খুঁজে পেয়েছিলেন। যে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও পরে গণ-অভ্যুত্থানের জেরে ২০২৪ সালের আগস্টে বাংলাদেশে শেখ হাসিনা সরকারের পতন হয়েছিল। ওই অভ্যুত্থানে নেতৃত্ব দেওয়া তরুণরা পরে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) নামে নতুন দল গঠন করেন। গত ১২ ফেব্রুয়ারি বাংলাদেশের সাধারণ নির্বাচনের পর দেখা যায়, সে দেশের মানুষ আস্থা রেখেছেন পুরোনো দল বিএনপিতেই। খুব একটা আশাপ্রদ ফল করতে পারেনি এনসিপি। কিন্তু নেপালের অবস্থা পুরো বিপরীত। প্রাথমিক গণনার পর দেখা যাচ্ছে, পুরনো কিংবা পরিচিত দলগুলোর উপরে নয়, বরং দেশটি আস্থা রাখছে তুলনামূলক নতুন দল ও নতুন নেতার উপরেই।

সপ্তাহের শুরুতে শুষ্ক আবহাওয়া

স্বাভাবিক লঘুচাপ বিরাজ করছে। এই পরিস্থিতির প্রভাবে আগামী কয়েক দিনে আবহাওয়ায় পরিবর্তনের আভাস পাওয়া গেছে। প্রথম দিন (শুক্রবার) সারা দেশের আকাশ অস্থায়ীভাবে আংশিক মেঘলা থাকতে পারে। এ সময় আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। দিনের তাপমাত্রা সামান্য বাড়লেও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। দ্বিতীয় দিন (৭ মার্চ) সারা দেশে অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া শুষ্ক থাকতে পারে। দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকলেও রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। তৃতীয় দিন (৮ মার্চ) রংপুর বিভাগের দু-এক জায়গায় বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। দেশের অন্যত্র আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে, তবে রাতের তাপমাত্রা সামান্য বাড়বে। চতুর্থ দিন (৯ মার্চ) রংপুর, রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগের দু-এক জায়গায় বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। দেশের বাকি এলাকায় আবহাওয়া শুষ্ক থাকবে। এ সময় দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। পঞ্চম দিন (১০ মার্চ) বৃষ্টিপাতের প্রবণতা অব্যাহত থাকবে। রংপুর, রাজশাহী, খুলনা, বরিশাল ও ঢাকা বিভাগের দু-এক জায়গায় বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। দেশের অন্যান্য জায়গায় আবহাওয়া শুষ্ক থাকবে। দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকলেও রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। আবহাওয়া অধিদপ্তর আরও জানিয়েছে, বর্ধিত পাঁচ দিনের পূর্বাভাস অনুযায়ী এই সময়ের পর বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টির প্রবণতা অব্যাহত থাকতে পারে।

পাচারকালে ভোলা থেকে চার

পুলিশ ফাঁড়ির সামনে রেখেছে পুলিশ। ট্রাকগুলোর নম্বর হলো- যশোর-ট ১১-১৪৩৩, চট্রমেট্রো-ট ১১-০৬৮৪, খুলনা মেট্রো-ট ১১-০৭৮৩ ও ঢাকা মেট্রো ট ১৪-৭৩০৫। পুলিশ ও সার গুদাম কর্তৃপক্ষ জানায়, ভোলার সার গুদাম থেকে বরিশাল বিভাগের সকল জেলায় সরকারিভাবে সার বিতরণ করা হয়। বৃহস্পতিবার দিনগত মধ্যরাতে গোপন সংবাদের ভিত্তিতে লক্ষ্মীপুরগামী সুফিয়া কামাল নামক ফেরি থেকে ৩টি ও কুসুমকলি ফেরি থেকে ১টিসহ মোট চারটি সার বোঝাই ট্রাক আটক করা হয়েছে। তবে ৩টি ট্রাকের চালক পালিয়ে যাওয়ায় তাদের আটক করতে পারেনি পুলিশ। সারগুলো ভোলার সরকারি সার গুদাম থেকে বরিশাল ও বরগুনা যাওয়ার জন্য ট্রাকে লোড করা হয়েছিল। তবে সার বাপার গুদামের বাইরে গেলে সে দায়িত্ব তাদের নয় বলে দাবি করেন ভোলা সার গুদামের ইনচার্জ মাসুদ পারভেজ। তিনি বলেন, সারগুলো গুদাম থেকে ট্রাকে লোড হওয়ার কাগজ আমাদের কাছে রয়েছে। তবে কোথায় নিয়ে যাওয়া হচ্ছিল, তা আমরা জানি না। অসাধু ব্যক্তিরা কৃত্রিম সংকট তৈরির জন্যই ভোলা থেকেই সারগুলো অন্যত্র পাচার করছিল বলে জানান ভোলা সদরের ইলিশা পুলিশ ফাঁড়ির ইনচার্জ ইন্সপেক্টর বশির আলম। তিনি বলেন, গোপন সংবাদের ভিত্তিতে দুইটি ফেরিতে থাকা মোট ৪টি ট্রাক থেকে ৭১ টন টিএসপি সার জব্দ করেছি, যার আনুমানিক বাজারমূল্য ২০ লাখ টাকা। আরমান নামে একজন ট্রাকচালককে পুলিশ হেফাজতে নিয়েছি। এ ঘটনায় পরবর্তী আইনানুগ কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

সাত দিনেও জেলেদের ভাগ্যে

তীরে বসে জাল মেরামত করছেন। আবার কেউ কেউ ট্রলার মেরামতের কাজে সময় কাটাচ্ছেন। কিন্তু কারো নেই কোনো আয়-রোজগার। শিবপুর ইউনিয়নের শান্তিরহাট এলাকার জেলে মো. সাদ্দাম মাঝি জানান, মাছ ধরার নিষেধাজ্ঞার আজ সাতদিন চলছে। আমরা জেলে এখন পর্যন্ত নদীতে গিয়ে মাছ ধরিনি। কিন্তু সরকারিভাবে চাল এখনও পাইনি। একই এলাকার মো. শাজাহান মাঝি ও মাকসুদ মাঝি জানান, সাত দিন চলে গেছে। এখনও চাল আমাদের মাঝে বিতরণ করা হয়নি। আমাদের তো কাজ-কাম নেই, রোজগারও নেই, এখন কী করব? রমজান মাস চলছে, তার মধ্যে মাছ ধরার নিষেধাজ্ঞা চলছে। এখন তো আমাদের অনেক কষ্টে দিন কাটাচ্ছে। শিবপুর ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডের জেলে মো. রাকিব মাঝি জানান, সরকারি অভিযান মেনে তারা নদীতে যাচ্ছেন না। কিন্তু এনজিও থেকে কিস্তি আদায় বন্ধ হয়নি। সমিতির লোকজন সকাল-বিকেল আসেন কিস্তির টাকা নিতে। আমরা কী করব, আমাদের তো কোনো আয়-রোজগার নেই। এখনও যদি দুই মাসের কিস্তি আদায় বন্ধ না হয়, তাহলে কিস্তি পরিশোধের জন্য নদীতে গিয়ে মাছ ধরতে হবে। ধনিয়া ইউনিয়নের তুলাতুলি এলাকার জেলে মো. সুমন মাঝি জানান, ১০-১২ বছর ধরে নদীতে মাছ শিকার করে জীবিকা পরিচালনা করছেন। কিন্তু এখন পর্যন্ত তাদের জেলে কার্ড হয়নি। দুবার আইডি কার্ড জমা দিয়েছি। এখনও কার্ড হয়নি। অথচ জেলে না হয়েও জেলে কার্ড করছে। তারা জেলেদের চালও পায়। কিন্তু প্রকৃত জেলে হয়ে আমাদের জেলে কার্ড নেই। একই এলাকার জেলে আরিফ মাঝি ও হাসান মাঝি জানান, আমরা সরকারের কাছে আকুল আবেদন জানাই যেন আমাদের নিষেধাজ্ঞার চাল দ্রুত বিতরণ করা হয়। পাশাপাশি যাদের এখনও জেলে নিবন্ধন হয়নি তাদের যাতে দ্রুত নিবন্ধনের আওতায় নিয়ে আসে। আর যারা জেলে না হয়ে জেলে কার্ড করে চাল নিচ্ছে, তাদের কার্ড বাতিল করা হোক। ভোলা জেলা কর্মকর্তা মো. ইকবাল হোসেন জানান, জাটকা সংরক্ষণ কার্যক্রমের জন্য ফেব্রুয়ারি থেকে মে মাস পর্যন্ত জাটকা আহরণ বিরত থাকা জেলে পরিবারের জীবনযাত্রা নির্বাহের জন্য মানবিক সহায়তা কর্মসূচির আওতায় ভিজিএফের চাল আগামী সপ্তাহের মধ্যে বিতরণ শুরু হবে। এ চার মাস প্রতি জেলে ৪০ কেজি করে চাল পাবেন। আর জেলেদের নিবন্ধন হালনাগাদ চলছে। এতে অনিবন্ধিত জেলেদের বাদ দিয়ে প্রকৃত জেলেদের নিবন্ধনের আওতায় নিয়ে আসা হবে। জেলায় সাত উপজেলার নিবন্ধিত জেলের সংখ্যাও এক লাখ ৬৭ হাজার ৯৭০ জন। এ বছর জাটকা আহরণ বিরত থাকা জেলে পরিবারের জীবনযাত্রা নির্বাহের জন্য মানবিক সহায়তা কর্মসূচির আওতায় ভিজিএফ-এর চাল পাবেন প্রায় ৯০ হাজার ২০০ জন জেলে। এর আগে ২৮ ফেব্রুয়ারি শনিবার মধ্যরাত থেকে শুরু হয়ে ৩০ এপ্রিল পর্যন্ত টানা ৬১ দিন ভোলার মেঘনা ও তেঁতুলিয়া নদীর ১৯০ কিলোমিটার এলাকা জুড়ে সবধরনের মাছ শিকার বন্ধ ঘোষণা করেছে মৎস্য বিভাগ।

রমজানের শিক্ষা: ঐতিহাসিক

সৈন্যের সুসজ্জিত কুরাইশ বাহিনীকে পরাজিত করেছিলেন। পবিত্র কুরআনের সূরা আল-ইমরানের ১২৩ নম্বর আয়াতে এই অলৌকিক বিজয়ের কথা উল্লেখ করে আল্লাহ তাআলা ইরশাদ করেছেন, বস্তুত আল্লাহ বদরের যুদ্ধে তোমাদের সাহায্য করেছেন যখন তোমরা ছিলে অত্যন্ত দুর্বল সুতরাং তোমরা আল্লাহকে ভয় করো যাতে তোমরা কৃতজ্ঞ হতে পারো। বদরের এই ঘটনা আমাদের শেখায় যে, বিজয় কেবল লোকবল বা উন্নত যুদ্ধাস্ত্রের ওপর নির্ভর করে না, বরং আল্লাহর ওপর অগাধ আস্থা এবং হকের পথে অবিচল থাকাই হলো সফলতার মূল চাবিকাঠি। সিয়াম সাধনার এই ক্লান্তিকর অবস্থায়ও সাহাবায়ে কেরাম যেভাবে সত্য ও ন্যায়ের পতাকা সমুন্নত রাখতে নিজেদের জীবন বাজি রেখেছিলেন, তা আমাদের জন্য সীমাহীন অনুপ্রেরণার উৎস। রাসুলুল্লাহ (সা.) বদরের প্রাক্কালে আল্লাহর দরবারে কান্নাকাটি করে দুআ করেছিলেন, হে আল্লাহ! আজ যদি এই ক্ষুদ্র জামাতটি ধ্বংস হয়ে যায়, তবে পৃথিবীতে তোমার ইবাদত করার মতো আর কেউ থাকবে না (সহিহ মুসলিম: ১৭৬৩)। বদরের এই ঐতিহাসিক বিজয় কেবল একটি সামরিক বিজয় ছিল না, বরং এটি ছিল মিথ্যার ওপর সত্যের এবং অন্ধকারের ওপর আলোর চূড়ান্ত বিজয়। রমজানের এই শিক্ষা আমাদের হৃদয়ে সাহস জোগায় যে, আমরা যদি ব্যক্তিগত ও সামাজিক জীবনে সত্যের পথে অটল থাকি, তবে সংখ্যায় কম হলেও আল্লাহর অদৃশ্য সাহায্য আমাদের সাথী হবে। বদর দিবসের এই চেতনা আমাদের শেখায় নফসের সাথে যুদ্ধে জয়ী হয়ে পূর্ণ তাকওয়া অর্জন করতে এবং সকল অন্যায়ের বিরুদ্ধে মাথা উঁচু করে দাঁড়াতে।

লেখক: বিশেষ প্রতিবেদক, দৈনিক কীর্তনখোলা।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ শনিবার ॥ ০৭ মার্চ ২০২৬ ॥ ২২ ফাল্গুন ১৪৩২

দীর্ঘমেয়াদি যুদ্ধের জন্য প্রস্তুত, নতুন অস্ত্র আসছে : রেভল্যুশনারি গার্ড

কীর্তনখোলা ডেস্ক
ইরানের সামরিক বাহিনীর অভিজাত শাখা ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পস (আইআরজিসি)-এর মুখপাত্র ব্রিগেডিয়ার জেনারেল আলী মোহাম্মদ নাইনি জানিয়েছেন, প্রতিরক্ষা বাহিনী দীর্ঘমেয়াদি যুদ্ধের জন্য প্রস্তুত এবং এজন্য ৩ এর পাতায় দেখুন

সব হারিয়েছে ইরান, স্থল অভিযান সময়ের অপচয়: ট্রাম্প

কীর্তনখোলা ডেস্ক
ইরানে চালানো ইসরায়েল-মার্কিন যৌথ হামলার পর 'এন্ড গেম' নামক স্থল অভিযানের ঘোষণা দিয়েছিলেন ট্রাম্প। এর জবাবে নিজেদের প্রস্তুত এবং মার্কিন বাহিনীর জন্য অপেক্ষায় থাকার কথা জানান ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস ৩ এর পাতায় দেখুন

ঢাবিতে মাদ্রাসা শিক্ষার্থীদের অধিকার আন্দোলনে হাদির নেতৃত্ব, পুরোনো ছবি ভাইরাল

কীর্তনখোলা রিপোর্ট
এক সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) কিছু বিভাগে মাদ্রাসা শিক্ষার্থী ভর্তি হতে পারতেন না। এর প্রতিবাদে দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মসূচিও পালন করতেন তারা। ইনকিলাব মঞ্চের মুখপাত্র শহীদ শরীফ ওসমান বিন হাদিকে এমন একটি কর্মসূচিতে (বিক্ষোভ) নেতৃত্ব দিতে দেখা গেছে। ঢাকার খাবার বৃহস্পতিবার (৫ মার্চ) হাদির এমন একটি ছবি ফেসবুকে শেয়ার দিয়েছেন তার বোন মাসুমা হাদি। এরপর সেটি আলোচনায় আসে। জানা গেছে, ভাইরাল ছবিটি ২০০৮ কিংবা ২০০৯ সালের। সেই সময় মাধ্যমিক (দাখিল) ও উচ্চ মাধ্যমিকে (আলিম) ২০০ নম্বর করে বাংলা ও ইংরেজি না পড়ায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম সারির বেশ কয়েকটি বিষয় পাওয়া থেকে বঞ্চিত হতেন মাদ্রাসা পড়ুয়া শিক্ষার্থীরা। তবে শিক্ষার্থীদের আন্দোলন ও ৩ এর পাতায় দেখুন

সাত দিনেও জেলেদের ভাগ্যে জোটেনি ভিজিএফের চাল

ভালা প্রতিনিধি
ইলিশসহ সবধরনের মাছ শিকারে ভোলার মেঘনা ও তেঁতুলিয়া নদীতে চলছে দুই মাসের নিষেধাজ্ঞা। ফলে জেলার সাত উপজেলার প্রায় ৩ লাখ জেলে কর্মহীন হয়ে পড়েছে। তবে নিষেধাজ্ঞার সাতদিন পার হয়ে গেলেও জেলেদের কাছে পৌঁছেনি ভিজিএফের চাল। আর ওই চাল না পেয়ে রমজানের মধ্যে কষ্ট ও দুশ্চিন্তায় কাটছে তাদের দিন। ভোলার শিবপুর ইউনিয়নের ভোলার খাল ও ধনিয়া ইউনিয়নের তুলাতুলি মেঘনা নদীর পাড়ে সরেজমিনে দেখা গেছে, নদীতে কদিন আগেও ট্রলার, নৌকা ও জালসহ মাছ শিকারের উপকরণ নিয়ে দাপিয়ে বেড়াত জেলেরা। আজ নিষেধাজ্ঞার কারণে নদী ও মৎস্য ঘাটে সুনসান নীরবতা বিরাজ করছে। ইলিশসহ সব ধরনের মাছ শিকারের দুই মাসের নিষেধাজ্ঞার কারণে কর্মহীন হয়েছে জেলার সাত উপজেলার প্রায় ৩ লাখ জেলে। ইলিশের অভয়াশ্রমের কারণে ভোলার ১৯০ কিলোমিটার মেঘনা ও তেঁতুলিয়া নদীতে ১ মার্চ থেকে ৩০ এপ্রিল পর্যন্ত চলবে এ নিষেধাজ্ঞা। তাই কেউ কেউ নদীর ৩ এর পাতায় দেখুন

সাগরে অবৈধ ৩ ট্রলিং জাহাজে মাছ শিকার, ৩৭ জেলে আটক

পাথরঘাটা প্রতিনিধি
সুন্দরবন সংলগ্ন বঙ্গোপসাগরের দুবলারচরের কাছে অভিযান পরিচালনা করে অবৈধভাবে মাছ ধরার সময় তিনটি ট্রলারসহ ৩৭ জেলেকে আটক করেছে বাংলাদেশ কোস্ট গার্ড। এ সময় ট্রলারগুলোতে থাকা বিপুল পরিমাণ মাছ জব্দ করা হয়। কোস্ট গার্ড সূত্রে জানা গেছে, বুধবার (৪ মার্চ) রাতে বাংলাদেশ কোস্ট গার্ডের জাহাজ সিএস সোনার বাংলা পাথরঘাটা উপকূল থেকে প্রায় ১০০ কিলোমিটার দক্ষিণ-পূর্বে দুবলারচরের ৩ এর পাতায় দেখুন

প্রতিদিন দুই শতাধিক অসহায় পান ১৪ পদের রাজকীয় ইফতারি

পটুয়াখালী প্রতিনিধি
ইফতারের ঠিক আগ মুহূর্তে পটুয়াখালী ফোর লেন এলাকা হয়ে ওঠে এক টুকরো প্রশান্তির ছায়া। নীল টি-শার্ট পরা একদল তরুণ স্বেচ্ছাসেবকের তৎপরতায় রাস্তার পাশে বিছানো ত্রিপলে সাজানো হয় সারি সারি ইফতার। কোনো ভেদাভেদ নেই, নেই কোনো কৃত্রিমতা। রিকশাচালক থেকে শুরু করে সাধারণ পথচারী সবাই এক সারিতে বসে ইফতার করছেন। 'পটুয়াখালীবাসী' নামক একটি স্বেচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে গত পাঁচ বছর ধরে চলা এই আয়োজনে প্রতিদিন অন্তত দুই শতাধিক রোজাদার একসঙ্গে ইফতার করছেন।

সরেজমিনে গিয়ে দেখা যায়, স্বেচ্ছাসেবী সংগঠন 'পটুয়াখালীবাসী'র উদ্যোগে পটুয়াখালীর বিত্তবান ও শুভানুধ্যায়ীদের সহযোগিতায় রমজানজুড়ে প্রতিদিন দুই শতাধিক রোজাদারের জন্য ইফতারের ব্যবস্থা করা হচ্ছে। পথচারী, দিনমজুর, রিকশাচালক, শ্রমজীবী মানুষ ও বয়স্ক রোজাদাররা সময়ের আগেই এসে বসে পড়েন ইফতারের সারিতে। খোঁজ নিয়ে জানা যায়, শুধু খাবার বিতরণেই সীমাবদ্ধ নয় এ উদ্যোগ। রোজাদারদের জন্য রয়েছে ওযুখানার ব্যবস্থা এবং ইফতারের পর জামাতে নামাজ আদায়ের সুযোগ। ফলে এটি কেবল একটি ৩ এর পাতায় দেখুন

বরিশালে ভিডিও ছড়িয়ে মানহানির অভিযোগ, সুষ্ঠু তদন্তের দাবি

কীর্তনখোলা রিপোর্ট
সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া একটি ঘটনাকে কেন্দ্র করে অপপ্রচারের অভিযোগ তুলে সুষ্ঠু তদন্তের দাবি জানিয়েছেন, ভুক্তভোগী দাবি করা শাহরিয়ার শুভ ও মুনতাহা ইসলাম। শুক্রবার (৬ মার্চ) সকাল সাড়ে ১১টায় বরিশাল প্রেসক্লাবে পৃথক লিখিত বক্তব্যে তারা ঘটনার প্রকৃত সত্য তুলে ধরেন। লিখিত বক্তব্যে শাহরিয়ার শুভ বলেন, গত ৩ মার্চ (মঙ্গলবার) ইফতার শেষে নগরীর বৈদ্যপাড়া সংলগ্ন খান মঞ্জিলের বাসায় ফেরার সময় তিনি তার মায়ের সঙ্গে ফোনে কথা বলছিলেন। কথা শেষ করে ৩ এর পাতায় দেখুন

সপ্তাহের শুরুতে শুষ্ক আবহাওয়া, ৯ মার্চ থেকে চার বিভাগে বৃষ্টির আভাস

কীর্তনখোলা ডেস্ক
নতুন সপ্তাহের শুরুটা শুষ্ক আবহাওয়ায় কাটলেও সপ্তাহের শেষ দিকে বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। আগামী ৯ মার্চ থেকে রংপুর, রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগে বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এরপর ১০ মার্চ থেকে এই বৃষ্টির পরিধি আরও কিছুটা বেড়ে ঢাকা বিভাগ পর্যন্ত বিস্তৃত হতে পারে। শুক্রবার (৬ মার্চ) সকালে আবহাওয়া অধিদপ্তরের দেওয়া পরবর্তী ১২০ ঘণ্টার পূর্বাভাসে এই তথ্য জানানো হয়েছে। আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, বর্তমানে পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় লঘুচাপের বর্ধিতাংশ অবস্থান করছে। একই সঙ্গে দক্ষিণ বঙ্গোপসাগরে মৌসুমের ৩ এর পাতায় দেখুন

পাচারকালে ভোলা থেকে চার ট্রাকে ১৪২০ বস্তা সার জব্দ

ভোলা প্রতিনিধি
ভোলা থেকে অবৈধভাবে পাচারের সময় ফেরি থেকে ১ হাজার ৪২০ বস্তা সরকারি বিসিআইসি টিএসপি সারসহ ৪টি ট্রাক আটক করা হয়েছে। এছাড়া এ ঘটনায় আরমান (৩০) নামে এক ট্রাকচালককে আটক করেছে পুলিশ। বৃহস্পতিবার (৫ মার্চ) দিনগত মধ্যরাতে সদর উপজেলার ইলিশা ফেরিঘাটে লক্ষ্মীপুরগামী আলাদা দুইটি ফেরি থেকে সারবোঝাই এসব ট্রাক আটক করা হয়। পরবর্তীতে ট্রাকগুলো থানায় নিয়ে আসে পুলিশ। সরেজমিনে দেখা যায়, ত্রিপল দিয়ে ঢাকা সারবোঝাই চারটি ট্রাক আটক করে ইলিশা ৩ এর পাতায় দেখুন

বরিশালে জমে উঠেছে কোটি টাকার ইফতার বাজার

কীর্তনখোলা রিপোর্ট
পবিত্র রমজান মাস উপলক্ষে বরিশালে জমে উঠেছে ইফতারের বাজার। ফুটপাতের অস্থায়ী দোকান থেকে শুরু করে বিলাসবহুল রেস্তোরাঁ সর্বত্রই নানা পদের ইফতার সামগ্রী কিনতে ভিড় জমাচ্ছেন ক্রেতারা। সাশ্রয়ী দামে ঐতিহ্যবাহী ও মুখরোচক সব খাবার পেয়ে খুশি সাধারণ মানুষ ও ভোজনরসিকরা। দুপুর গড়িয়ে বিকেল হতেই বদলে যাচ্ছে বরিশাল মহানগরীর অলিগলি ও চেনা দৃশ্যপট। ইফতারের বাজার ঘুরে দেখা যায়, সবখানেই ইফতার কিনতে আসা ক্রেতাদের উপচে পড়া ভিড়। এবারের ইফতার বাজারে আলুর চপ, পেঁয়াজু কিংবা বেগুনির মতো সাধারণ খাবারের পাশাপাশি শৌখিন ভোজনরসিকদের মূল গন্তব্য এখন বিদেশি ও ঐতিহ্যবাহী সব খাবার। শহরের বড় রেস্তোরাঁগুলোতে বিশেষ আকর্ষণ হিসেবে যুক্ত হয়েছে খাসির লেগ রোস্ট, বড় আকৃতির জামাই জিলাপি, শাহী হালিম, দুধ নান, কাবাব, আস্ত মুরগি ও কালাভুনার মতো সুস্বাদু পদ। রেস্তোরাঁগুলোর ব্র্যান্ডের আভিজাত্য ৩ এর পাতায় দেখুন

ধান গবেষণায় বিনার সাফল্য

সুগন্ধি ও ব্লাস্ট প্রতিরোধী নতুন দুই আমন জাত উদ্ভাবন

কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বিনা) দীর্ঘ গবেষণায় কৃষিবিজ্ঞানে যুক্ত হলো নতুন এক পালক। উচ্চফলন, ব্লাস্ট রোগ প্রতিরোধ ক্ষমতা এবং উচ্চ পুষ্টিগুণের সমন্বয়ে উদ্ভাবিত হয়েছে আমন ধানের দুটি নতুন জাত 'বিনা ধান ২৭' ও 'বিনা ধান ২৮'। সম্প্রতি কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ডের ১১৫তম সভায় জাত দুটি সারাদেশে চাষাবাদের জন্য আনুষ্ঠানিকভাবে অনুমোদন পেয়েছে। এর মাধ্যমে বিনার উদ্ভাবিত ধানের মোট জাতের সংখ্যা দাঁড়ালো ২৮টি। বিনার উদ্ভিদ প্রজনন বিভাগের গবেষক দল এই দুটি ধানের জাত উদ্ভাবন করেন। ফসলের বড় শত্রু ব্লাস্ট রোগ। ৩ এর পাতায় দেখুন

কুয়াকাটা উপকূলে ফের বাড়ছে জেলিফিসের উপদ্রব

কলাপাড়া প্রতিনিধি
কুয়াকাটা সংলগ্ন বঙ্গোপসাগরে আবারও বেড়েছে জেলিফিসের উপদ্রব। গভীর সাগর থেকে ভেসে আসা অসংখ্য মরা জেলিফিসে সয়লাব হয়ে গেছে কুয়াকাটা সমুদ্রসৈকতের চর গঙ্গামতি ও কাউয়ার চর এলাকা। এতে মাছ ধরা নিয়ে ৩ এর পাতায় দেখুন

নেপালে সরকার গঠন করতে চলেছে গণ-অভ্যুত্থানকারীরা

কীর্তনখোলা ডেস্ক
সাধারণ নির্বাচনের পর ভোট গণনা চলছে নেপালে। প্রাথমিক গণনায় ব্যাপকভাবে এগিয়ে রয়েছে তরুণ প্রজন্মের (জেন-জি) পছন্দের ও চলতি ২০২৫ সালের সেপ্টেম্বরে গণ-অভ্যুত্থানে নেতৃত্ব দেওয়া দল রাষ্ট্রীয় স্বতন্ত্র পার্টি (আরএসপি)। বলতে গেলে, সংখ্যাগরিষ্ঠতা নিয়ে সরকার গঠন করতে চলেছে দলটি। আরএসপির হেভিওয়েট প্রার্থী হলেন কাঠমান্ডুর সাবেক মেয়র ও জনপ্রিয় র‍্যাপার বালেন্দ্র শাহ। জেন-জি আন্দোলনের সময় প্রশাসনের অংশ হয়েও শিক্ষার্থীদের অভ্যুত্থানের প্রতি সমর্থন জানিয়ে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেন 'বালেন' নামে পরিচিত কাঠমান্ডুর সাবেক মেয়র। গণ-অভ্যুত্থানে নেতৃত্ব দেওয়া তরুণদের অঘোষিত নেতা ছিলেন এই র‍্যাপার। তাকেই ভবিষ্যতের প্রধানমন্ত্রী হিসেবে দেখতে চান বলে ৩ এর পাতায় দেখুন

মালয়েশিয়ায় বাংলাদেশি যুবককে গ্রেফতার করে যুক্তরাষ্ট্রে নিলো এফবিআই

কীর্তনখোলা ডেস্ক
আন্তর্জাতিক শিশু যৌন নিপীড়ন চক্র পরিচালনাসহ বিভিন্ন অভিযোগে জোবাইদুল আমিন (২৮) নামের এক বাংলাদেশি যুবককে গ্রেফতার করেছে মার্কিন কেন্দ্রীয় তদন্ত সংস্থা এফবিআই। গ্রেফতারের পর জোবাইদুলকে মালয়েশিয়া থেকে যুক্তরাষ্ট্রের আলাস্কা অঙ্গরাজ্যে নেওয়া হয়েছে। সেখানে তার বিরুদ্ধে আনা অভিযোগের বিষয়ে আদালতে শুনানি হবে বলে জানিয়েছে এফবিআই। শুক্রবার (৬ মার্চ) সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে এ তথ্য জানান এফবিআইয়ের পরিচালক কাশ প্যাটেল। তিনি বলেন, এফবিআই ও তাদের আন্তর্জাতিক অংশীদারদের যৌথ অভিযানে জোবাইদুলকে গ্রেফতার করা হয়। ২০২২ সাল থেকে তিনি পলাতক ছিলেন। এ বিষয়ে বিস্তারিত তথ্য পরে প্রকাশ করা ৩ এর পাতায় দেখুন

পুলিশের অভিযানে গাঁজার গাছ ও নগদ টাকাসহ গ্রেফতার ১

বোরহানউদ্দিন প্রতিনিধি
ভোলা বোরহানউদ্দিনে পুলিশের অভিযানে ০৫ (পাঁচ) টি গাঁজা গাছ সহ ২৫০ (দুইশত পঞ্চাশ) গ্রাম অবৈধ মাদকদ্রব্য গাঁজা এবং গাঁজা বিক্রির নগদ ৫৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা'সহ গ্রেফতার ০১ জন। ভোলা জেলার পুলিশ সুপার মোঃ শহিদুল্লাহ কাওছার, পিপিএম (বার) দিকনির্দেশনায় এবং অফিসার ইনচার্জ, মনিরুজ্জামান বোরহানউদ্দিন থানা, ভোলার নেতৃত্বে বোরহানউদ্দিন থানা এলাকায় মাদক বিরোধী বিশেষ অভিযান পরিচালিত হয়। এরই ধারাবাহিকতায় বোরহানউদ্দিন থানা পুলিশের একটি চৌকস টিম মাদকদ্রব্যসহ এক ব্যক্তিকে গ্রেফতার করতে সক্ষম হয়েছে। শুক্রবার (০৬ মার্চ ২০২৬) সকাল ১১ টার দিকে বোরহানউদ্দিন থানার এসআই মোঃ আবু জাফর খান ও তাঁর সঙ্গীয় অফিসার ফোর্সসহ বোরহানউদ্দিন উপজেলার বড়মানিকা ইউনিয়নের ০৩নং ওয়ার্ডের সাজির কাঁচারীর বাড়ীর জুলহাসান ওরফে জুলহাস এর বসত ঘরে ৩ এর পাতায় দেখুন

ফেব্রুয়ারিতে সড়কে ৪৪৭ জনের মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক
গত ফেব্রুয়ারি মাসে দেশে সড়ক দুর্ঘটনা ভয়াবহ রূপ ধারণ করেছে। মাসটিতে ৪৪৮টি সড়ক দুর্ঘটনায় ৪৪৭ জন নিহত ও ১ হাজার ১৮১ জন আহত হয়েছেন। একই সময়ে রেলপথ ও নৌপথ মিলিয়ে মোট ৪৮৮টি দুর্ঘটনায় নিহতের সংখ্যা দাঁড়িয়েছে ৪৭৭ জনে এবং আহত হয়েছেন ১ হাজার ১৯৭ জন। শুক্রবার (৬ মার্চ) গণমাধ্যমে পাঠানো এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতি। যাত্রী কল্যাণ সমিতির প্রতিবেদন অনুযায়ী ৩ এর পাতায় দেখুন

হলুদ সরিষা ক্ষেতে বাম্পার ফলনে কৃষকের মুখে হাসি

কাউখালী প্রতিনিধি
পিরোজপুরের কাউখালীতে চলতি মৌসুমে সরিষার বাম্পার ফলনে মুখে হাসি ফুটে উঠলো কৃষকদের। অল্প খরচে বেশি লাভ এবং ভোজ্যতেলের চাহিদা পূরণের লক্ষ্য সামনে রেখে দিন দিন বাড়ছে সরিষার আবাদ। আবহাওয়া অনুকূল ও উন্নত জাতের বীজ ব্যবহার এবং কৃষি বিভাগের পরামর্শে এবছর উপজেলার বিভিন্ন এলাকায় সরিষার আবাদ ও উৎপাদন উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। উপজেলার বিভিন্ন মাঠে-ঘাটে দিগন্ত জোড়া হলুদ ফুলে মাঠ যেন হলুদের চাদরে ঢেকে গেছে। উপজেলা কৃষি ৩ এর পাতায় দেখুন

জুমার দিন ইরানি ক্ষেপণাস্ত্রে কেঁপেছে তেলআবিব একাধিক বিস্ফোরণ

কীর্তনখোলা ডেস্ক
ইরানের ছোড়া ক্ষেপণাস্ত্রের আঘাতে শুক্রবার ইসরায়েলের তেলআবিবজুড়ে একের পর এক বিস্ফোরণের শব্দ শোনা গেছে। তবে এখন পর্যন্ত কোনো হতাহতের খবর পাওয়া যায়নি বলে জানিয়েছে দেশটির জরুরি সেবা বিভাগ। জরুরি সেবা কর্মকর্তারা জানান, শহরের বিভিন্ন স্থানে ক্ষয়ক্ষতির খবর পাওয়ার পর সেখানে টিম পাঠানো হয়েছে। একটি আবাসিক ভবনে আগুন লাগার ঘটনাও ঘটে, যেখানে দমকল বাহিনী ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ, কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

নিরাপদ ভ্রমন আমাদের অঙ্গীকার
পালকি এক্সপ্রেস
Palki Express
ভান্ডারিয়া-পিরোজপুর
নাজিরপুর-গোপালগঞ্জ
ঢাকা-গুলিস্তান
শ্যামলী- কল্যাণপুর
মিরপুর-কালশী-কচুক্ষেত
পরিচালনায়ঃ মোঃ বেল্লাল মল্লিক
সার্বিক তত্বাবধানেঃ মোঃ হেলাল উদ্দিন মল্লিক
ভান্ডারিয়া কাউন্টারঃ
01321-183180, 01771-486723

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com